রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২০, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

## প্রজ্ঞাপন

তারিখ, ১০ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ/২৫ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭২-আইন/২০১৫।—ট্রেডমার্ক আইন, ২০০৯ (২০০৯ সনের ১৯ নং আইন) এর ধারা ১২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়

### প্রারম্ভিক

১। শিরোনাম।—এই বিধিমালা ট্রেডমার্ক বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "আইন" অর্থ ট্রেডমার্ক আইন, ২০০৯ (২০০৯ সনের ১৯ নং আইন);

(২) "জার্নাল" অর্থ বিধি ৭৪ এর অধীন প্রকাশিত ট্রেডমার্ক জার্নাল;

(৩) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(৪) "দলিল" অর্থে কোন ফরম এবং এই বিধিমালার অধীন দাখিলকৃত কোন কাগজপত্রও অন্তর্ভুক্ত হইবে;

(৫) "ধারা" অর্থ আইনের কোন ধারা;

(৬) "নিবন্ধক" অর্থ ধারা ৩ এ উল্লিখিত ট্রেডমার্ক নিবন্ধক;

(৭) "নিবন্ধন বহি" অর্থ ধারা ৪ এ উল্লিখিত ট্রেডমার্ক নিবন্ধন বহি;

(৮) "বস্ত্র মার্ক" অর্থ বস্ত্রপণ্য সম্পর্কে ব্যবহৃত বা ব্যবহারের জন্য প্রস্তাবিত কোন ট্রেডমার্ক বা সার্টিফিকেশন ট্রেডমার্ক;

(৯) "শাখা অফিস" অর্থ ধারা ৩ এর উপ-ধারা (২) এর অধীন প্রতিষ্ঠিত ট্রেডমার্কস রেজিস্ট্রির কোন শাখা অফিস;

(১০) "রেজিস্ট্রি" অর্থ ধারা ৩ এ উল্লিখিত ট্রেডমার্ক রেজিস্ট্রি।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **ফরম**।—(১) ফরম বলিতে প্রথম এবং দ্বিতীয় তফসিলে উল্লিখিত ফরমকে বুঝাইবে।

(২) কোন ব্যক্তি কর্তৃক নিবন্ধকের নিকট আইনের অধীন ট্রেডমার্ক নিবন্ধনসহ অন্যান্য বিষয়ে প্রথম তফসিলে উল্লিখিত ফরমে আবেদন করিতে হইবে।

(৩) জার্নালে বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া নিবন্ধক ফরম সংশোধন করিতে পারিবেন এবং জার্নালে বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার এক মাস পর উক্ত সংশোধনী কার্যকর হইবে।

(৪) সংশোধিত সকল ফরম কার্যকর হইবার ৩ (তিন) দিনের মধ্যে রেজিস্ট্রির ওয়েবসাইটে প্রদর্শন করিতে হইবে।

৪। **ফি নির্ধারণ এবং পরিশোধের পদ্ধতি**।—(১) তৃতীয় তফসিলের কলাম (১) এ উল্লিখিত ফরমের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত ফি প্রযোজ্য হইবে এবং ফরম দাখিলের সময় প্রযোজ্য ফি পরিশোধ করিতে হইবে।

(২) নিবন্ধক বরাবর বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংক হইতে প্রদত্ত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার অথবা নিবন্ধক কর্তৃক আদেশ দ্বারা জারিকৃত নির্দেশনা অনুসরণপূর্বক ইলেকট্রনিক ট্রান্সমিশনের মাধ্যমে ফি পরিশোধ করা যাইবে।

৫। **ফরম এবং দলিলের আকার, ভাষা, ইত্যাদি**।—(১) ফরম ও দলিলের ধরন হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ISO A4 সাইজ এবং অন্যূন ৮০ জিএমএস সাদা রঙের কাগজ, যাহার বাম মার্জিন চার সেন্টিমিটার;

(খ) বাংলা অথবা ইংরাজি ভাষায়; এবং

(গ) টেকসই, পাঠযোগ্য ও স্থায়ী।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোন ফরম ও দলিল দাখিল করা না হইলে, নিবন্ধক উহা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন এবং তিনি আবেদনকারীকে কিভাবে দলিল দাখিল করিতে হইবে উহার বিবরণ উল্লেখ করিয়া টিএমআর-১২ ফরমে নোটিশ প্রদান করিতে পারিবেন।

(৩) যদি রেজিস্ট্রিতে কোন দলিলের অনুলিপি দাখিল করা হয়, তাহা হইলে উহা ট্রেডমার্ক প্রতিনিধি, আইনজীবী অথবা সংশ্লিষ্ট দেশের আইনানুগ কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে এবং নিবন্ধক—

(ক) দলিল প্রাপ্তির ৫ (পাঁচ) দিনের মধ্যে উহা গ্রহণ করিবার বা না করিবার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন; এবং

(খ) তদ্‌কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রিতে মূল দলিল দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবেন।

(৪) এই বিধির অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, নিবন্ধক, সরকারের অনুমোদনক্রমে, ইলেক্ট্রনিক পদ্ধতির মাধ্যমে দলিল দাখিলের অনুমতি প্রদান করিতে পারিবেন এবং এইক্ষেত্রে পালনীয় শর্তাবলী জার্নালে গণ-বিজ্ঞপ্তি আকারে অথবা অন্য কোন প্রচার মাধ্যমে প্রকাশ করিতে হইবে।

৬। **দলিল স্বাক্ষরকরণ।**—(১) রেজিস্ট্রিতে দাখিলকৃত ফরম নিম্নবর্ণিতভাবে স্বাক্ষরিত হইবে, যথা :—

(ক) ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক ;

(খ) অংশীদারি সংস্থার ক্ষেত্রে, সকল অংশীদার কর্তৃক অথবা সকল অংশীদারের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত অংশীদার কর্তৃক ;

(গ) অংশীদারি সংস্থা ব্যতীত অন্য কোন সমিতির ক্ষেত্রে, উহার সচিব বা সমিতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উহার কোন সদস্য কর্তৃক ;

(ঘ) সংবিধিবদ্ধ সংস্থা, কোম্পানি, প্রতিষ্ঠান, ইত্যাদির ক্ষেত্রে, উহার পরিচালক, সচিব বা মুখ্য কর্মকর্তা কর্তৃক অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত উহার কোন কর্মকর্তা কর্তৃক।

(২) প্রতিটি ফরমে স্বাক্ষরকারীর পূর্ণ নাম, পদবী এবং ক্ষেত্রমত, যে ক্ষমতাবলে স্বাক্ষর করা হইয়াছে উহার বিবরণ থাকিবে।

(৩) অংশীদারি সংস্থার ক্ষেত্রে দাখিলকৃত ফরমে সকল অংশীদারের পূর্ণ নাম থাকিবে।

(৪) এই বিধির অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, রেজিস্ট্রিতে দাখিলকৃত দলিল বা ফরম টিএম-১০ ফরমে ক্ষমতাপ্রাপ্ত ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী কর্তৃক স্বাক্ষর করা যাইবে, তবে নিবন্ধক প্রয়োজন মনে করিলে, উক্ত দলিল বা ফরমের আবেদনকারী, বিরোধিতাকারী, নিবন্ধিত স্বত্বাধিকারী অথবা নিবন্ধিত ব্যবহারকারী অথবা সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইবে।

৭। **নোটিশ বা দলিল জারি।**—(১) আইন বা এই বিধিমালার অধীন কোন নোটিশ বা দলিল বিধি ৮ এর অধীন নিবন্ধকের নিকট দাখিলকৃত ঠিকানায় রেজিস্ট্রার্ড ডাকযোগে জারি করা যাইবে।

(২) ভিন্নরূপ কোন কিছু প্রমাণিত না হইলে, উপ-বিধি (১) এর অধীন কোন দলিল যথাযথ ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হইলে, ডাক বিভাগের সাধারণ কার্যধারায় যে সময়ে বিতরণ হইবার কথা সেই সময়েই বিতরণ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৮। **দলিল জারির ঠিকানা, ইত্যাদি।**—(১) আইন বা এই বিধিমালার অধীন কোন ব্যক্তি নিবন্ধকের নিকট তাহার পূর্ণ ঠিকানা দাখিল করিবেন।

(২) কোন আবেদনকারী, বিরোধিতাকারী, কোন ট্রেডমার্কের নিবন্ধিত স্বত্বাধিকারী বা নিবন্ধিত ব্যবহারকারী অথবা নিবন্ধকের নিকট নিষ্পন্নাধীন কোন কার্যধারার কোন পক্ষ যদি বাংলাদেশে বসবাস বা ব্যবসা পরিচালনা না করেন, তাহা হইলে তিনি টিএম-১০ ফরমে বাংলাদেশে পত্র জারির ঠিকানা দাখিল করিবেন এবং উক্ত ঠিকানাই তাহার প্রকৃত ঠিকানা বলিয়া গণ্য হইবে।

(৩) এই বিধিতে উল্লিখিত ঠিকানায় কোন লিখিত যোগাযোগ করা হইলে উহা যথাযথ ঠিকানায় করা হইয়াছে বলিয়া গণ্য হইবে, তবে ইহার অতিরিক্ত ইলেকট্রনিক মাধ্যমেও যোগাযোগ করা যাইবে।

(৪) নিবন্ধন বহিতে লিপিবদ্ধ দলিল জারির কোন ঠিকানা সম্পর্কে সন্দেহ দেখা দিলে, নিবন্ধক যে কোন সময় যে ব্যক্তির নামে ঠিকানাটি লিপিবদ্ধ আছে সেই ব্যক্তির ব্যবসায়িক ঠিকানায় তাহার দলিল জারির ঠিকানা নিশ্চিত করিবার জন্য অথবা টিএম-১০ ফরমে নূতন ঠিকানা দাখিলের জন্য অনুরোধ করিতে পারিবেন এবং অনুরূপ অনুরোধ প্রাপ্তির ২ (দুই) মাসের মধ্যে ঠিকানা নিশ্চিতকরণ বা নূতন ঠিকানা প্রদান করা না হইলে, নিবন্ধক উক্ত ঠিকানা নিবন্ধন বহি হইতে কর্তন করিতে পারিবেন।

(৫) এই বিধির অধীন নিবন্ধকের নিকট দলিল জারির ঠিকানা সরবরাহ না করা হইলে, আইন ও এই বিধিমালার অধীন প্রেরিতব্য নোটিশ বা পত্র প্রেরণের বিষয়ে নিবন্ধকের কোন দায়িত্ব থাকিবে না এবং অনুরূপভাবে নোটিশ বা পত্র গড়-জারির অজুহাতে পরবর্তী কোন আদেশ বা সিদ্ধান্তের বিরুদ্ধে প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৯। **পণ্য, সেবা এবং বস্ত্রপণ্যের শ্রেণিবিভাগ।**—ট্রেডমার্ক নিবন্ধনের উদ্দেশ্যে পণ্য ও সেবাসমূহকে চতুর্থ তফসিল এবং বস্ত্রপণ্যসমূহকে পঞ্চম তফসিলে উল্লিখিত পদ্ধতিতে শ্রেণিবিভাগ করিতে হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## ট্রেডমার্ক নিবন্ধনের পদ্ধতি

১০। **ট্রেডমার্ক নিবন্ধনের আবেদন, ইত্যাদি।**—(১) পণ্য বা সেবার জন্য কোন ট্রেডমার্ক, সার্টিফিকেশন ট্রেডমার্ক, সমষ্টিগত মার্ক বা প্রতিরক্ষামূলক মার্ক নিবন্ধনের জন্য প্রযোজ্য ফিসহ নিবন্ধক বরাবর টিএম-১ ফরমে ৩ (তিন) টি অনুলিপিসহ আবেদন দাখিল করিতে হইবে।

(২) প্রতিটি আবেদন চতুর্থ তফসিলে উল্লিখিত যে কোন একটি শ্রেণিভুক্ত পণ্য বা সেবা সম্পর্কিত হইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, একই মার্ক বিভিন্ন শ্রেণির পণ্য বা সেবায় ব্যবহারের উদ্দেশ্যে নিবন্ধনের ক্ষেত্রেও পৃথক আবেদন করিতে হইবে।

(৩) একই শ্রেণিভুক্ত সকল বা বিভিন্ন পণ্য বা সেবা সম্পর্কে নিবন্ধনের আবেদন করা হইলে, উহাতে মার্ক এর ব্যবহার সম্পর্কিত বিস্তারিত বিবরণ থাকিতে হইবে।

(৪) কোন আবেদনকারী তাহার আবেদনে অগ্রাধিকার তারিখ দাবী করিলে, আবেদনের সহিত উহার সপক্ষে দলিল দাখিল করিতে হইবে।

১১। **মার্কের প্রতিরূপ।**—(১) আবেদন ফরমে নির্দিষ্ট ফাঁকা জায়গায় মার্কের একটি প্রতিরূপ আঁটিয়া দিতে হইবে। তবে মার্কটির প্রতিরূপের আকার যদি নির্দিষ্ট জায়গা অপেক্ষা বড় হয়, তাহা হইলে উহা পৃথকভাবে আবেদন ফরমের সহিত সংযুক্ত করিতে হইবে।

(২) নিবন্ধক যদি মনে করেন, দাখিলকৃত যে পদার্থের উপর ট্রেডমার্কের প্রতিরূপ স্থাপন করা হইয়াছে, উহা ট্রেডমার্কের বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণ করিতে পারিবে না, তাহা হইলে তিনি টিএমআর-১২ ফরমে নোটিশ প্রদান করিয়া আবেদনকারীকে তদ্‌কর্তৃক নির্দেশিত পদার্থের উপর ট্রেডমার্কের প্রতিরূপ স্থাপনপূর্বক পুনরায় দাখিলের নির্দেশ দিতে পারিবেন।

(৩) মার্কের প্রতিরূপ পরিচ্ছন্ন ও দীর্ঘস্থায়ী হইবে এবং নিবন্ধক কোন মার্কের প্রতিরূপ সম্পর্কে সন্তুষ্ট না হইলে, আবেদন সম্পর্কে কার্যধারা গ্রহণের পূর্বে, টিএমআর-১২ ফরমে নোটিশ জারি করিয়া তাহার সন্তুষ্টি মোতাবেক অপর একটি প্রতিরূপ প্রতিস্থাপনের নির্দেশ দিতে পারিবেন।

(৪) যদি উপ-বিধি (২) এর অধীন নোটিশ জারির ২ (দুই) সপ্তাহের মধ্যে মার্কের প্রতিরূপ দাখিল করা সম্ভব না হয়, তাহা হইলে নিবন্ধকের অনুমতি সাপেক্ষে, যে কোন সুবিধাজনক আঙ্গিকে মার্কটির পূর্ণাবয়ব বা হ্রাসকৃত স্কেলে নমুনা বা অনুলিপি দাখিল করিতে হইবে।

(৫) ধারা ১২ এর অধীন পরম্পরাক্রমে বিন্যস্ত (Series) ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনের সহিত পরম্পরাক্রমে বিন্যস্ত প্রতিটি মার্কের প্রতিরূপ সংযুক্ত করিয়া দিতে হইবে।

**১২। প্রতিবর্ণীকরণ এবং অনুবাদ (Transliteration and Translation)।**—ট্রেডমার্কে ইংরাজি অথবা বাংলা ব্যতীত অন্য কোন ভাষার বর্ণ, শব্দ বা বর্ণযুক্ত শব্দ থাকিলে আবেদন ফরমের সহিত নিম্নবর্ণিত দলিল দাখিল করিতে হইবে, যথা:—

(ক) প্রতিটি বর্ণ বা শব্দের বাংলা অথবা ইংরাজিতে প্রতিবর্ণীকরণ ও অনুবাদ ;

(খ) সংশ্লিষ্ট বর্ণ বা শব্দ কোন ভাষার অন্তর্গত উহার বিবরণ ; এবং

(গ) আবেদন ফরমে আবেদনকারী, ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী কর্তৃক প্রত্যয়ন বিবরণ, যাহাতে এই মর্মে ঘোষণা থাকিবে যে, উক্ত বর্ণ বা শব্দের ভাষাসহ বাংলা বা ইংরাজি ভাষায় তাহার দক্ষতা রহিয়াছে।

**১৩। ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনের প্রাপ্তি স্বীকার।**—(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে সার্টিফিকেশন মার্ক ব্যতীত কোন পণ্য বা সেবার ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনপ্রাপ্তির পর একই দিনে নিবন্ধক বা তদ্‌কর্তৃক নির্দেশিত কর্মকর্তা, আগে আসিলে আগে পাইবে নীতিতে, ক্রমিক সংখ্যা প্রদান করিয়া প্রাপ্তি স্বীকার করিবেন।

(২) আবেদন ফরমে নিম্নবর্ণিত তথ্য বা দলিলাদি না থাকিলে উহা প্রাপ্তির তারিখ বা ক্রমিক সংখ্যা প্রদান করা যাইবে না, যথা:—

(ক) আবেদনকারীর পূর্ণ নাম এবং ঠিকানা ;

(খ) বিভিন্ন ধরনের পণ্য হিসাবে তালিকাভুক্ত পণ্য বা সেবার বিস্তারিত বিবরণ ;

(গ) পণ্য বা সেবার শ্রেণি ;

(ঘ) ট্রেডমার্কটির একটি পরিচ্ছন্ন প্রতিরূপ ;

(ঙ) অগ্রাধিকার তারিখ দাবি করা হইলে, উহার সপক্ষে দলিল ;

(চ) আবেদন ফরমে আবেদনকারী অথবা ট্রেডমার্ক প্রতিনিধি অথবা আইনজীবীর স্বাক্ষর এবং প্রযোজ্য ফি।

(৩) ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী কর্তৃক আবেদন দাখিল করা হইলে, টিএম-১ ফরম এর সহিত টিএম-১০ ফরম দাখিল করিতে হইবে।

১৪। আবেদন পরীক্ষা।—কোন ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনপ্রাপ্তির তারিখ হইতে ২ (দুই) মাসের মধ্যে নিবন্ধক—

(ক) আবেদনকৃত ট্রেডমার্ক এর ক্ষেত্রে ধারা ৬, ৮, ৯, ১০, ১১, ৬৭(১) এবং ১২০ এ উল্লিখিত শর্তের লঙ্ঘন হইয়াছে কি না উহা পরীক্ষা করিয়া টিএমআর-৪ ফরমে লিপিবদ্ধ করিবেন ;

(খ) আবেদনকৃত ট্রেড মার্কের ব্যবহার যাহাতে ভবিষ্যতে প্রতারণা বা বিভ্রান্তি সৃষ্টি করিতে না পারে সেই লক্ষ্যে ইতোপূর্বে নিবন্ধিত কোন ট্রেডমার্ক বা পূর্বে দাখিলকৃত বিবেচনাধীন আবেদনসমূহের মধ্যে একই পণ্য বা সেবার জন্য অথবা একই ধরনের পণ্য বা সেবার জন্য, অথবা একই বর্ণনার পণ্য বা সেবার জন্য, অথবা এইরূপ পণ্য বা সেবার সহিত সাদৃশ্যপূর্ণ অথবা বিভ্রান্তিমূলকভাবে সাদৃশ্যপূর্ণ কিনা উহা নিশ্চিত হইবার জন্য পরীক্ষা করিবেন এবং টিএমআর-৪ ফরমে লিপিবদ্ধ করিবেন।

১৫। আবেদন সম্পর্কে আপত্তি এবং উহার নিষ্পত্তি।—(১) বিধি ১৪ এর অধীন ট্রেডমার্ক নিবন্ধনের আবেদন পরীক্ষা ও অনুসন্ধান পরিচালনা এবং মার্ক ব্যবহারের কোন প্রমাণ, বা সুস্পষ্টতা বা অপর যে কোন বিষয়, যাহা আবেদনকারী দাখিল করিতে পারেন উহা বিবেচনার পর নিবন্ধক, আবেদন সম্পর্কে কোন আপত্তি, শর্ত, সংশোধন, পরিমার্জন বা বিধি-নিষেধ আরোপ করিতে চাহিলে, তিনি বিধি ১৪ এর অধীন আবেদন পরীক্ষা ও অনুসন্ধান পরিচালনা সমাপ্ত হইবার ১০ (দশ) দিনের মধ্যে উক্ত আপত্তি, শর্ত, সংশোধনী, পরিমার্জন বা বিধি-নিষেধ সম্পর্কে টিএমআর-১২ ফরমে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন অবহিত হইবার তারিখ হইতে ২(দুই) মাসের মধ্যে আবেদনকারী উক্ত আপত্তি, শর্ত, সংশোধনী, পরিমার্জন বা বাধা-নিষেধ সম্পর্কে লিখিত জবাব দাখিল করিবেন অথবা টিএম-২৩ ফরমে শুনানির জন্য আবেদন করিবেন, তবে টিএম-১৯ ফরম দাখিল করিয়া আরও ২ (দুই) মাস পর্যন্ত সময় বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিল না করিলে অথবা শুনানির জন্য আবেদন না করিলে আবেদনটি আবেদনকারী কর্তৃক পরিত্যাগ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে;

তবে শর্ত থাকে যে, আবেদন পরিত্যক্ত হওয়ার নোটিশ জারির পরবর্তী ৫ (পাঁচ) বছরের মধ্যে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উক্ত পরিত্যক্ত আবেদনটি পুনর্বহাল করার সুযোগ থাকিবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন শুনানির জন্য আবেদন করা হইলে নিবন্ধক আবেদনের তারিখ হইতে সর্বোচ্চ ১(এক) মাসের মধ্যে শুনানির দিন ধার্য করিবেন এবং উহা আবেদনকারীকে অবহিত করিবেন।

(৫) নিবন্ধক বা তদ্‌কর্তৃক মনোনীত রেজিস্ট্রির কোন কর্মকর্তা শুনানি করিবেন এবং আবেদনকারী নিজে অথবা তাহার ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী শুনানিতে অংশ গ্রহণ করিতে পরিবেন।

(৬) উপ-বিধি (২) এর অধীন লিখিত জবাব প্রাপ্তির পর অথবা উপ-বিধি (৫) এর অধীন শুনানির পর নিবন্ধক আবেদনকৃত ট্রেডমার্কের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং উহা টিএমআর-১৯ ফরমে আবেদনকারীকে অবহিত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন সিদ্ধান্ত অবহিত হইবার ১(এক) মাসের মধ্যে সিদ্ধান্ত প্রদানের যুক্তিসমূহ অবহিত করিবার জন্য টিএম-১৫ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিতে পারিবেন এবং উক্তরূপে আবেদন করা হইলে আবেদন প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে নিবন্ধক তদ্‌কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের যুক্তিসমূহ আবেদনকারীকে অবহিত করিবেন।

(৮) এই বিধির অধীন যে তারিখে আবেদনকারীর নিকট সিদ্ধান্ত প্রেরণ করা হইবে, আপীলের ক্ষেত্রে, উহাই নিবন্ধক কর্তৃক সিদ্ধান্ত প্রদানের তারিখ বলিয়া গণ্য হইবে।

## তৃতীয় অধ্যায়
## নিবন্ধনের আবেদনের বিজ্ঞপ্তি প্রকাশ

১৬। **আবেদন গ্রহণের বিজ্ঞপ্তি জারি, ইত্যাদি**।—(১) ধারা ১৭ এর অধীন ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনের বিজ্ঞপ্তি জার্নালের মাধ্যমে জারি করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন আবেদন সম্পর্কে বিজ্ঞপ্তি জারির উদ্দেশ্যে নিবন্ধক আবেদনকারীকে টিএমআর-৫ ফরমে নির্ধারিত ফি প্রদানের জন্য নোটিশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নোটিশ প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে যদি আবেদনকারী টিএম-৯ ফরম দাখিল করিয়া প্রযোজ্য ফি প্রদান না করেন, তাহা হইলে তিনি তাহার আবেদন পরিত্যাগ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৪) যে সকল আবেদনের ক্ষেত্রে অন্য কোন মার্কের নিবন্ধিত স্বত্বাধিকারী অথবা অন্য কোন আবেদনকারীকে লিখিত সম্মতি দাখিলের জন্য নিবন্ধক কর্তৃক টিএমআর-১৯ ফরমে নির্দেশনা প্রদান করা হয় অথবা টিএমআর-১৫ ফরমে অবহিত করা হয়, যে সকল ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে 'সম্মতিক্রমে' অথবা "উদ্ধৃত মার্ককে অবহিতক্রমে" উল্লেখ থাকিতে হইবে।

(৫) জার্নালে ট্রেডমার্কের আবেদন সম্পর্কে নিম্নবর্ণিত তথ্যাদি থাকিবে, যথা:—

(ক) আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা;

(খ) ট্রেডমার্ক প্রতিনিধি অথবা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে;

(গ) আবেদনের ক্রমিক সংখ্যা;

(ঘ) ট্রেডমার্কের প্রতিরূপ;

(ঙ) মার্কের ধরন অর্থাৎ উহা সাধারণ, প্রতিরক্ষামূলক, সার্টিফিকেশন, সমষ্টিগত অথবা পরম্পরাক্রমে বিন্যস্ত মার্ক কিনা উহার বিবরণ;

(চ) পণ্য বা সেবার শ্রেণি;

(ছ) পণ্য বা সেবার বর্ণনা;

(জ) অগ্রাধিকার তারিখ, যদি থাকে; এবং

(ঝ) বিধি-নিষেধ বা সীমাবদ্ধতা অথবা আবেদনের ভুল সংশোধন সম্পর্কিত তথ্য, যদি থাকে।

(৬) পরম্পরাক্রমে বিন্যস্ত ট্রেডমার্কের আবেদনের ক্ষেত্রে, নিবন্ধক উপযুক্ত মনে করিলে, উক্ত আবেদনের বিজ্ঞপ্তির সহিত, মার্কগুলি একটি হইতে আরেকটি কিভাবে ভিন্নতর, সেই মর্মে একটি বিবৃতি প্রদান করিতে পারিবেন।

**১৭। জার্নালে বিজ্ঞপ্তি প্রকাশ।**—(১) নিবন্ধক বৎসরে কমপক্ষে ৩(তিন) বার ট্রেডমার্ক নিবন্ধনের আবেদন জার্নালে প্রকাশ করিবেন।

(২) সাধারণের চাহিদা অনুসারে পর্যাপ্ত সংখ্যক জার্নাল প্রকাশ করিতে হইবে।

(৩) ইলেকট্রনিক মাধ্যমেও জার্নাল প্রকাশ করা হইবে।

(৪) জার্নালে প্রতিটি পণ্য বা সেবার শ্রেণি হইতে আনুপাতিক হারে মার্কেট প্রতিরূপ প্রকাশ করিতে হইবে।

## চতুর্থ অধ্যায়
## নিবন্ধনের বিরোধিতা

**১৮। নিবন্ধনের বিরোধিতার নোটিশ ও উহা জারি।**—(১) বিধি ১৭ এর অধীন নিবন্ধনের আবেদন জার্নালে প্রকাশিত হইবার তারিখ হইতে ২(দুই) মাসের মধ্যে যে কোন ব্যক্তি নিবন্ধনের বিরোধিতা করিয়া প্রযোজ্য ফিসহ টিএম-৫ ফরমে নিবন্ধকের নিকট দুই প্রস্থ বিরোধিতার আবেদন দাখিল করিতে পারিবেন।

(২) বিরোধিতাকারী যে সকল যুক্তির ভিত্তিতে আবেদনকারীর মার্ক নিবন্ধনের বিরোধিতা করিতেছেন, বিরোধিতার নোটিশে সেই সকল যুক্তির বিবরণ থাকিতে হইবে।

(৩) বিরোধিতার নোটিশ প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে নিবন্ধক বিধি ৭ অনুযায়ী টিএমআর-৭ ফরমের মাধ্যমে নিবন্ধনের আবেদনকারী বরাবর উহার অনুলিপি জারি করিবেন।

**১৯। পাল্টা বিবৃতি ও উহা জারি।**—(১) বিধি ১৮ এর উপ-বিধি (৩) এর অধীন নোটিশ প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে নিবন্ধনের আবেদনকারী প্রযোজ্য ফিসহ টিএম-৬ ফরমে নিবন্ধকের নিকট দুই প্রস্থ পাল্টা বিবৃতি দাখিল করিতে পারিবেন।

(২) পাল্টা বিবৃতিতে নিবন্ধনের আবেদনকারী তাহার আবেদনের সমর্থনে যুক্তিসমূহ এবং বিরোধিতার নোটিশে আনীত অভিযোগ সম্পর্কে তাহার বক্তব্য উল্লেখ করিবেন।

(৩) পাল্টা বিবৃতি প্রাপ্তির ০১(এক) মাসের মধ্যে নিবন্ধক বিধি ৭ অনুযায়ী টিএমআর-৭ ফরমের মাধ্যমে নিবন্ধনের বিরোধিতাকারী বরাবর উহার অনুলিপি জারি করিবেন।

**২০। প্রমাণাদি দাখিল ও উহা জারি।**—(১) পাল্টা বিবৃতি প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে বিরোধিতাকারী তাহার বিরোধিতার পক্ষে প্রমাণাদি হলফনামা আকারে টিএম-১৮ ফরমে নিবন্ধকের নিকট দাখিল করিতে পারিবেন এবং একই সাথে ঐ প্রমাণাদির একটি কপি নিবন্ধনের আবেদনকারীর নিকট প্রেরণ করিবেন।

(২) বিরোধিতাকারী উপ-বিধি (১) মোতাবেক কোন প্রমাণাদি দাখিল না করিলে তাহার বিরোধিতা পরিত্যক্ত বলিয়া গণ্য হইবে।

(৩) বিরোধিতাকারীর প্রমাণাদি প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে নিবন্ধনের আবেদনকারী তাহার আবেদনের পক্ষে প্রমাণাদি হলফনামা আকারে টিএম-১৮ ফরমে নিবন্ধকের নিকট দাখিল করিতে পারিবেন এবং একই সাথে ঐ প্রমাণাদির একটি কপি বিরোধিতাকারীর নিকট প্রেরণ করিবেন।

(৪) নিবন্ধনের আবেদনকারী উপ-বিধি (৩) মোতাবেক কোন প্রমাণাদি দাখিল না করিলে নিবন্ধনের আবেদনটি পরিত্যক্ত বলিয়া গণ্য হইবে।

(৫) উপ-বিধি (৩) অনুযায়ী প্রমাণাদি প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে বিরোধিতাকারী ইচ্ছা করিলে হলফনামা আকারে টিএম-১৮ ফরমে জবাবী প্রমাণাদি দাখিল করিতে পারিবেন এবং একই সাথে ঐ প্রমাণাদির একটি কপি নিবন্ধনের আবেদনকারীর নিকট প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, জবাবী প্রমাণাদি নিবন্ধনের আবেদনকারী কর্তৃক দাখিলকৃত প্রমাণাদির জবাবের মধ্যেই সীমাবদ্ধ থাকিবে।

(৬) উপ-বিধি (৫) অনুযায়ী কোন প্রমাণাদি দাখিল না করিলে বিরোধিতাকারীর সাথে আর কোন যোগাযোগ ছাড়াই নিবন্ধক পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন।

(৭) এই অধ্যায়ের অধীন নিবন্ধকের নিকট বিবেচনাধীন কার্যধারার যে কোন সময় তাঁহার বিবেচনায় কোন পক্ষকে খরচ বা অন্য কোন শর্ত সাপেক্ষে আরও প্রমাণ দাখিলের অনুমতি প্রদানের ক্ষেত্র ব্যতীত কোন পক্ষই আর কোন প্রমাণাদি দাখিল করিতে পারিবেন না।

**২১। প্রদর্শনীসমূহ।**—(১) এই অধ্যায়ের অধীন কোন পক্ষ হলফনামা আকারে কোন প্রমাণ বা প্রদর্শনী দাখিল করিলে, দাখিলকারী পক্ষ অপরপক্ষের অনুরোধে এবং সেই পক্ষের খরচে তাহাকে উক্ত প্রমাণ বা প্রদর্শনীর অনুলিপি প্রদান করিবেন।

(২) এই অধ্যায়ের অধীন নিবন্ধকের নিকট দাখিলকৃত সকল তথ্য-প্রমাণ পরিদর্শনের জন্য রেজিস্ট্রিতে উন্মুক্ত থাকিবে।

**২২। শুনানি ও সিদ্ধান্ত।**—(১) প্রমাণাদি গ্রহণ সমাপ্ত হইলে নিবন্ধক পক্ষগণকে শুনানির জন্য টিএমআর-১৩ ফরমে নোটিশ প্রদান করিবেন যাহাতে উহা জারির তারিখ হইতে কমপক্ষে ১(এক) মাস পর শুনানির একটি তারিখ উল্লেখ থাকিবে, যদি না পক্ষগণ স্বল্পতর সময়ের নোটিশে সম্মতি প্রদান করে।

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ প্রাপ্তির পর কোন পক্ষ শুনানি করিতে ইচ্ছুক হইলে নোটিশ প্রাপ্তির ১৪(চৌদ্দ) দিনের মধ্যে প্রযোজ্য ফিসহ টিএম-৭ ফরম দাখিল করিবেন।

(৩) কোন পক্ষ শুনানির পূর্বে নিবন্ধকের নিকট টিএম-৭ ফরম দাখিল না করিলে অথবা টিএম-৭ ফরম দাখিলের পর শুনানিতে হাজির না হইলে, সেই পক্ষ শুনানিতে অংশগ্রহণ করিতে ইচ্ছুক নন বলিয়া গণ্য হইবে এবং নিবন্ধক উক্ত পক্ষের অনুপস্থিতিতে শুনানি গ্রহণ করিয়া অথবা শুনানি গ্রহণ না করিয়া সিদ্ধান্ত প্রদান করিতে পারিবেন অথবা তাঁহার বিবেচনামতে অন্য কোন উপযুক্ত আদেশ দিতে পারিবেন।

(৪) কোন পক্ষের অনুপস্থিতির কারণে নিবন্ধক কোন সিদ্ধান্ত প্রদান করিলে পরবর্তীতে উক্ত পক্ষের আবেদনক্রমে তিনি তাঁহার বিবেচনামতে শর্ত সাপেক্ষে সেই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করিতে পারিবেন অথবা অন্য কোন উপযুক্ত আদেশ দিতে পারিবেন।

(৫) যদি কোন পক্ষই শুনানিতে হাজির না হন, তাহা হইলে নিবন্ধক উক্ত কার্যধারা বাতিল করিতে পারিবেন, তবে পরবর্তীতে কোন পক্ষের আবেদনের প্রেক্ষিতে নিবন্ধক তাহার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করিতে পারিবেন অথবা অন্য কোন উপযুক্ত আদেশ দিতে পারিবেন।

**২৩। সিদ্ধান্ত অবহিতকরণ।**—নিবন্ধক তদ্‌কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ১(এক) মাসের মধ্যে পক্ষগণকে লিখিতভাবে টিএমআর-১৯ ফরমে অবহিত করিবেন।

## পঞ্চম অধ্যায়
## সার্টিফিকেশন ট্রেডমার্ক নিবন্ধন সম্পর্কিত বিশেষ বিধান

**২৪। সার্টিফিকেশন ট্রেডমার্ক নিবন্ধনের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলী।**—বিধি ২৫ এর বিধান সাপেক্ষে, এই বিধিমালার দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ অধ্যায়ের অধীন ট্রেডমার্ক নিবন্ধনের ক্ষেত্রে যে সকল বিধান প্রযোজ্য হয়, সার্টিফিকেশন ট্রেডমার্ক নিবন্ধনের ক্ষেত্রেও সে সকল বিধান প্রযোজ্য হইবে।

**২৫। সার্টিফিকেশন ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনের সহিত প্রবিধান জমাকরণ, ইত্যাদি।**—(১) ধারা ৫৮ এর অধীন সার্টিফিকেশন ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনের সহিত টিএম-৮ ফরমে সংশ্লিষ্ট মার্ক ব্যবহার সম্পর্কিত প্রবিধানসহ আবেদনের স্বপক্ষে যুক্তিসমূহের বিবরণ দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত বিবরণ বা প্রবিধান সম্পর্কে নিবন্ধকের কোন মন্তব্য থাকিলে তিনি উহা আবেদনকারীকে জানাইবেন এবং আবেদনকারী অনুরূপভাবে উক্ত বিবরণ বা প্রবিধান সংশোধন করিয়া উহাদের দুইটি অনুলিপি নিবন্ধকের নিকট দাখির করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন সংশোধিত বিবরণ বা প্রবিধানের অনুলিপি প্রাপ্তির পর নিবন্ধক প্রাথমিক পরীক্ষাপূর্বক উক্তরূপ দাখিলকৃত বিবরণ ও প্রবিধানসহ আবেদনটি সরকারের নিকট অগ্রায়ন করিবেন।

(৪) সরকার, নিবন্ধকের মাধ্যমে, যে কোন সময়, আবেদন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে, প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট আবেদনকারীকে নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(৫) সরকার কর্তৃক সার্টিফিকেশন ট্রেডমার্ক নিবন্ধনের আবেদন গৃহীত হইবার পর নিবন্ধক বিধি ১৭ এর অধীন জার্নালে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের পদক্ষেপ গ্রহণের জন্য আবেদনকারীকে নোটিশ প্রদান করিবেন এবং বিজ্ঞপ্তিতে এই মর্মে উল্লেখ থাকিবে যে, সরকার কর্তৃক গৃহীত প্রবিধান রেজিস্ট্রিতে পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিব।

(৬) সার্টিফিকেশন ট্রেডমার্ক নিবন্ধনের আবেদন জার্নালে বিজ্ঞপ্তি প্রকাশের ২(দুই) মাসের মধ্যে যে কোন ব্যক্তি প্রযোজ্য ফিসহ টিএম-৫ ফরম দাখিল করিয়া নিবন্ধকের নিকট বিরোধিতার নোটিশ প্রদান করিতে পারিবে এবং উহা নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনীয় অভিযোজনসহ বিধি ১৮ হইতে ২৩ এর বিধান প্রযোজ্য হইবে।

(৭) সার্টিফিকেশন মার্ক ব্যবহার সম্পর্কিত প্রবিধান সরকার কর্তৃক অনুমোদিত হইলে নিবন্ধক উহা রেকর্ড করিবেন।

## সমষ্টিগত মার্ক নিবন্ধন সম্পর্কিত বিশেষ বিধান

**২৬। সমষ্টিগত মার্ক নিবন্ধনের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলী।**—বিধি ২৭ এর বিধান সাপেক্ষে, এই বিধিমালার দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ অধ্যায়ের অধীন ট্রেডমার্ক নিবন্ধনের ক্ষেত্রে যে সকল বিধান প্রযোজ্য হয়, সমষ্টিগত মার্ক নিবন্ধনের ক্ষেত্রেও সে সকল বিধান প্রযোজ্য হইবে।

**২৭। সমষ্টিগত মার্ক নিবন্ধনের আবেদন, ইত্যাদি।**—(১) সমষ্টিগত মার্ক নিবন্ধনের ক্ষেত্রে আবেদনপত্রের সহিত প্রযোজ্য ফিসহ টিএম-৮ ফরমে সংশ্লিষ্ট মার্ক ব্যবহার সম্পর্কিত প্রবিধান দাখিল করিতে হইবে।

(২) সমষ্টিগত মার্কের ব্যবহার সম্পর্কিত প্রবিধানে নিম্নবর্ণিত বিষয়াবলী উল্লেখ থাকিবে, যথা:—

(ক) অনুমতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত সমিতির নাম ও ঠিকানা;

(খ) সমিতির উদ্দেশ্য;

(গ) সমিতির সদস্যদের বিস্তারিত বিবরণ;

(ঘ) সমিতির সদস্য হইবার শর্তাবলী;

(ঙ) মার্ক ব্যবহারের শর্তাবলী; এবং

(চ) নিবন্ধক কর্তৃক চাহিত সংশ্লিষ্ট অন্য কোন তথ্য।

(৩) আবেদনকারী, আবেদনের সহিত অথবা নিবন্ধক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, হলফনামাসহ প্রত্যায়িত প্রমাণাদি দাখিল করিবেন।

(৪) কোন ব্যক্তি মার্কের বৈশিষ্ট্য সম্পর্কে বিভ্রান্ত হইবার, বিশেষতঃ উহাকে সমষ্টিগত মার্ক ভিন্ন অন্য কিছু মনে করিবার সম্ভাবনা থাকিলে, নিবন্ধক কোন সমষ্টিগত মার্ক নিবন্ধন করিবেন না।

(৫) নিবন্ধক কোন সমষ্টিগত মার্ক নিবন্ধনের সময় উহাতে এমন কিছু করিবার নির্দেশ দিতে পারিবেন, যাহাতে প্রতীয়মান হয় যে উহা একটি সমষ্টিগত মার্ক।

(৬) বাণিজ্যিক ক্ষেত্রে পণ্য বা সেবার ভৌগোলিক উৎপত্তিস্থলের পরিচয় বহন করে এইরূপ চিহ্ন বা নির্দেশক সমন্বয়ে গঠিত সমষ্টিগত মার্ক নিবন্ধন করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সমষ্টিগত মার্কের স্বত্বাধিকারী, শিল্প বা বাণিজ্য সংক্রান্ত সদাচরণ অনুসারে অনুরূপ চিহ্ন বা নির্দেশক ব্যবহার করা হইতে অন্য কোন ব্যক্তিকে নিবৃত্ত করিবার অধিকারী হইবেন না।

(৭) সমষ্টিগত মার্ক ব্যবহার সংক্রান্ত প্রবিধান বাংলাদেশ সরকারের জননীতি বা গৃহীত কোন নৈতিকতার নীতির পরিপন্থী হইবে না।

(৮) সমষ্টিগত মার্ক ব্যবহার সংক্রান্ত প্রবিধানটি অন্যান্য নিবন্ধন বহি ও দলিলসমূহ যেভাবে জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে সেইভাবে জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে।

**প্রতিরক্ষামূলক মার্ক নিবন্ধন সম্পর্কিত বিশেষ বিধান**

২৮। **প্রতিরক্ষামূলক মার্ক নিবন্ধনের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলী।**—আইনের ৪৩ ধারার অধীন ও বিধি ২৯ এর বিধান সাপেক্ষে, এই বিধিমালার দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ অধ্যায়ের অধীন ট্রেডমার্ক নিবন্ধনের ক্ষেত্রে যে সকল বিধান প্রযোজ্য হয়, প্রতিরক্ষামূলক মার্ক নিবন্ধনের ক্ষেত্রেও সে সকল বিধান প্রযোজ্য হইবে।

২৯। **প্রতিরক্ষামূলক মার্ক নিবন্ধনের আবেদন, ইত্যাদি।**—(১) প্রতিরক্ষামূলক মার্ক নিবন্ধনের ক্ষেত্রে আবেদনপত্রের সহিত প্রযোজ্য ফিসহ টিএম-১ ফরমে সংশ্লিষ্ট মার্ক সুপরিচিত হইবার যুক্তিসমূহ উল্লেখপূর্বক দাখিল করিতে হইবে।

(২) আবেদকারী যে সকল যুক্তির উপর নির্ভর করিয়া আবেদন করিতেছেন, সেই সকল যুক্তি সম্বলিত একটি বিবরণ হলফনামা (Affidavit) আকারে আবেদনের সহিত দাখিল করিবেন।

(৩) আবেদনকারী হলফনামার সহিত বা নিবন্ধক কর্তৃক অনুমোদিত সময়ের মধ্যে স্ব-উদ্যোগে বা নিবন্ধকের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় অন্যান্য প্রমাণাদি দাখিল করিবেন।

(৪) ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া সাধারণ ট্রেডমার্কের আবেদনের ক্ষেত্রে এই বিধিমালার বিভিন্ন বিধি যেভাবে প্রযোজ্য হয়, সেইভাবে প্রতিরক্ষামূলক ট্রেডমার্কের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

(৫) প্রতিরক্ষামূলক মার্ক সুপরিচিত হইবার যুক্তিসমূহ অন্যান্য নিবন্ধন বহি ও দলিলসমূহ যেভাবে জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে সেইভাবে জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে।

## ষষ্ঠ অধ্যায়

## নিবন্ধন বহিতে এন্ট্রি, ইত্যাদি

৩০। **নিবন্ধন বহিতে নিবন্ধিত ট্রেডমার্কের তথ্যাদি এন্ট্রি।**—(১) বিধি ৩৩ এর বিধান সাপেক্ষে, ধারা ২০ এর উপ-ধারা (১) এর অধীন কোন ট্রেডমার্ক নিবন্ধিত হইলে নিবন্ধক ট্রেডমার্ক রেজিস্ট্রির সীলমোহরযুক্ত টিএমআর-১ ফরমে একটি ট্রেডমার্ক নিবন্ধন সনদ প্রদান করিবেন এবং ট্রেডমার্কটি টিএমআর-২ ফরমে লিপিবদ্ধ করতঃ নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিবেন।

(২) নিবন্ধন বহিতে কোন ট্রেডমার্ক এন্ট্রি হইলে নিম্নবর্ণিত তথ্যাবলীর উল্লেখ থাকিবে, যথা:—

(ক) আবেদন দাখিলের তারিখ;

(খ) নিবন্ধনের তারিখ;

(গ) ধারা ১২০ এর অধীন অগ্রাধিকার তারিখ দাবির ক্ষেত্রে উক্ত অগ্রাধিকার তারিখ;

(ঘ) স্বত্বাধিকারীর নাম এবং ঠিকানা;

(ঙ) পত্রাদি জারির ঠিকানা, যদি থাকে;

(চ) এই বিধিমালার অধীন নিবন্ধন বহিতে লিপিবদ্ধ অথবা নিবন্ধক কর্তৃক আরোপিত কোন অধিকারের দাবি ত্যাগ বা বিধি-নিষেধ;

(ছ) যে সকল পণ্য অথবা সেবা সম্পর্কে ট্রেডমার্ক নিবন্ধিত হইয়াছে;

(জ) ট্রেডমার্ক সমষ্টিগত, প্রতিক্ষামূলক মার্ক অথবা সার্টিফিকেশন মার্ক হইলে সেই সম্পর্কিত তথ্য;

(ছ) পূর্ব অধিকার অথবা পূর্বতর ট্রেডমার্ক স্বত্বাধিকারীর সম্মতিক্রমে কোন ট্রেডমার্ক নিবন্ধিত হইলে, সেই সম্পর্কিত তথ্য;

(ঞ) নিবন্ধক কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত অন্য কোন তথ্য।

৩১। **সহযোগী ট্রেডমার্ক নিবন্ধন সংক্রান্ত এন্ট্রি।**—(১) কোন মার্ক অপর কোন মার্কের সহিত সহযোগী মার্ক হিসাবে নিবন্ধিত হইলে, নিবন্ধক নিবন্ধন বহিতে, প্রথমোক্ত মার্ক এবং প্রতিটি সহযোগী মার্কের নিবন্ধন নম্বর এবং যেভাবে উহা প্রথমোক্ত মার্কের সহিত সহযোগী মার্ক হইয়াছে উহার বিবরণ লিপিবদ্ধ করিবেন।

(২) ধারা ১৩ এর উপ-ধারা (৪) এর অধীন কোন নিবন্ধিত স্বত্বাধিকারী টিএম-১৪ ফরমে কোন সহযোগী ট্রেডমার্কের বিলুপ্তির জন্য নিবন্ধকের নিকট আবেদন দাখিল করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধক তাহার সিদ্ধান্ত নিবন্ধিত স্বত্বাধিকারীকে টিএমআর-১৯ ফরমে অবহিত করিবেন এবং তদনুযায়ী নিবন্ধন বহি সংশোধন করিবেন।

৩২। **নিবন্ধনের পূর্বে আবেদনকারীর মৃত্যু।**—কোন ট্রেডমার্ক নিবন্ধন বহিতে এন্টির পূর্বে আবেদনকারী মৃত্যুবরণ করিলে ধারা ৯২ এর বিধান সাপেক্ষে, সংশ্লিষ্ট কোন পক্ষ টিএম-১৬ ফরমে আবেদন করিয়া উক্ত মৃত ব্যক্তির স্বার্থবান উত্তরাধিকারী হিসাবে প্রতিস্থাপিত হইতে পারিবে এবং উক্তরূপে প্রতিস্থাপিত ব্যক্তিই আবেদনকারী হিসাবে গণ্য হইবে।

৩৩। **নিবন্ধন সনদ ইস্যুর পূর্বে আবেদনপত্রের ত্রুটি সংশোধন।**—(১) বিধি ৩০ এর অধীন নিবন্ধন সনদ ইস্যুর পূর্বে নিবন্ধক ট্রেডমার্ক নিবন্ধন বহিভুক্ত করিবার জন্য টিএমআর-১৪ ফরমে নোটিশ প্রদান করিবেন এবং আবেদনপত্রে কোন ত্রুটি থাকিলে উহা সংশোধনের জন্য আবেদনকারীকে টিএমআর-১৬ ফরমে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারী যদি টিএম-১১ ফরম দাখিল না করেন, তাহা হইলে নিবন্ধক টিএমআর-৮ ফরমে অসম্পূর্ণতার নোটিশ জারি করিবেন।

(৩) টিএমআর-৮ ফরম প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে আবেদনকারী নিবন্ধনের আবেদন সংশোধন না করিলে নিবন্ধক আবেদনটি প্রত্যাখ্যান করিয়া টিএমআর-৯ ফরমে পরিত্যক্ত/প্রত্যাখ্যান নোটিশ প্রেরণ করিবেন।

৩৪। **নিবন্ধন বহি প্রদর্শন।**—নির্ধারিত ফি দিয়ে টিএম-২১ ফরমে আবেদনক্রমে নিবন্ধন বহি অফিস চলাকালীন জনসাধারণ দর্শন করিতে পারিবেন।

৩৫। **নিবন্ধন সনদ ব্যতীত নিবন্ধন বহির অন্য কোন এন্ট্রির জন্য আবেদন, ইত্যাদি।**—(১) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, কোন ব্যক্তি নিবন্ধকের নিকট প্রযোজ্য ফিসহ টিএম-৩১ ফরম দাখিল করিয়া নিবন্ধন সনদ ব্যতীত নিবন্ধন বহিতে উল্লিখিত কোন এন্ট্রি বা তথ্য প্রদানের জন্য অনুরোধ করিতে পারিবেন এবং আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধক সংশ্লিষ্ট এন্ট্রি বা তথ্য প্রদান করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন তথ্য প্রদানের পূর্বে নিবন্ধক উপযুক্ত মনে করিলে আবেদনকারীকে আবেদন প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে আবেদনাধীন এন্ট্রি বা তথ্যের সহিত কিভাবে তাহার স্বার্থ রহিয়াছে উহা উপস্থাপনের জন্য আহবান করিতে পারিবেন এবং আবেদনকারী কর্তৃক তথ্য উপস্থাপনের পর নিবন্ধক উক্ত তথ্য সম্পর্কে সন্তুষ্ট না হইলে উহা প্রদানে অস্বীকৃতি জানাইতে পারিবেন এবং ২০ (বিশ) দিনের মধ্যে উহা সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবেন।

(৩) এই বিধির অধীন প্রদত্ত কোন তথ্যে নিবন্ধক মার্কের কোন অনুলিপি করিতে বাধ্য থাকিবেন না, যদি না আবেদনকারী ব্যক্তি এতদুদ্দেশ্যে কোন উপযুক্ত অনুলিপি দাখিল করেন।

(৪) আইন বা এই বিধিমালার অধীন জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত নয় এইরূপ কোন তথ্য নিবন্ধক প্রদান করিবেন না।

## সপ্তম অধ্যায়

## নিবন্ধন নবায়ন ও পুনর্বহাল

৩৬। **নিবন্ধন নবায়ন।**—(১) নিবন্ধিত স্বত্বাধিকারী কোন ট্রেডমার্কের নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হইবার কমপক্ষে ৩ (তিন) মাস পূর্বে নিবন্ধন নবায়নের জন্য টিএম-১২ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিবেন এবং নবায়ন আবেদনটি যথাযথ প্রতীয়মান হইলে নিবন্ধক ট্রেডমার্ক রেজিস্ট্রির সীলমোহরযুক্ত টিএমআর-১৮ ফরমে একটি নবায়ন সনদ প্রদান করিবেন এবং নবায়নের তথ্যাদি টিএমআর-২ ফরমে লিপিবদ্ধ করতঃ নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন করা না হইলে ট্রেডমার্কের মেয়াদ উত্তীর্ণ হইবার ২ (দুই) মাস পূর্বে নিবন্ধক ট্রেডমার্কের নিবন্ধিত স্বত্বাধিকারীকে নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ অবহিত করিয়া টিএমআর-৩ ফরমে নোটিশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নোটিশ প্রাপ্তির পর এবং নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ হইতে অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধিত স্বত্বাধিকারী টিএম-১৭ ফরমে নবায়নের আবেদন না করিলে, নিবন্ধক নিবন্ধন বহি হইতে সংশ্লিষ্ট ট্রেডমার্ক কর্তন করিতে পারিবেন এবং কর্তনের বিষয়টি জার্নালে প্রকাশ করিবেন।

৩৭। **নিবন্ধন পুনর্বহালের আবেদন।**—(১) বিধি ৩৬ এর উপ-বিধি (৩) এর অধীন নিবন্ধন বহি হইতে কোন ট্রেডমার্ক কর্তন করা হইলে, সংশ্লিষ্ট ট্রেডমার্ক পুনর্বহালের জন্য মেয়াদ উত্তীর্ণ হইবার ১ (এক) বৎসরের মধ্যে নিবন্ধকের নিকট টিএম-১৩ ফরমে আবেদন করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনের ক্ষেত্রে নিবন্ধক আবেদনকারীকে তদ্‌কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে হলফনামা আকারে অতিরিক্ত তথ্য বা প্রমাণাদি সরবরাহের জন্য টিএমআর-১৯ ফরমে নির্দেশ দিতে পারিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধক যাবতীয় তথ্য বিবেচনা করিয়া যদি সন্তুষ্ট হন যে বিধি ৩৬ এর উপ-বিধি (৩) এর অধীন নিবন্ধন বহি হইতে কর্তনকৃত ট্রেডমার্ক পুনর্বহাল করা সমীচীন, তাহা হইলে নিবন্ধক নির্ধারিত শর্ত সাপেক্ষে, নিবন্ধন পুনর্বহাল করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (১) এর অধীন কোন ট্রেডমার্কের নিবন্ধন পুনর্বহাল করা হইলে পুনর্বহালের তারিখ উল্লেখ করিয়া উহা জার্নালে প্রকাশ করিতে হইবে।

## অষ্টম অধ্যায়
## স্বত্বনিয়োগ ও হস্তান্তরের পদ্ধতি

৩৮। **স্বত্বনিয়োগ বা হস্তান্তরের বৈধতা সম্পর্কে নিবন্ধকের সিদ্ধান্ত গ্রহণের জন্য আবেদন।**—(১) কোন নিবন্ধিত ট্রেডমার্কের স্বত্বাধিকারী স্বত্বনিয়োগ বা হস্তান্তরের সিদ্ধান্ত গ্রহণ করিলে তিনি প্রযোজ্য ফিসহ টিএম-২০ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিবেন।

(২) নিবন্ধক উপযুক্ত মনে করিলে সংশ্লিষ্ট আবেদনকারীকে প্রস্তাবিত স্বত্বনিয়োগ বা হস্তান্তরের সপক্ষে প্রয়োজনীয় তথ্য ও দলিল উপস্থাপনের জন্য টিএমআর-১৯ ফরমে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে নিবন্ধক প্রস্তাবিত স্বত্বনিয়োগ বা হস্তান্তর জনস্বার্থ সহায়ক কিনা তাহা বিবেচনা করিয়া প্রস্তাবিত স্বত্বনিয়োগ বা হস্তান্তরের বৈধ অথবা অবৈধতার বিষয় সিদ্ধান্ত গ্রহণপূর্বক স্বত্বাধিকারী বরাবর টিএমআর-১১ ফরমে প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

(৪) স্বত্বাধিকারী উপ-বিধি (৩) এ উল্লিখিত নিবন্ধকের সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি উত্থাপন করিতে চাহিলে, নিবন্ধকের নিকট সিদ্ধান্ত প্রাপ্তির তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে টিএম-২৩ ফরমে শুনানির আবেদন করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন শুনানির আবেদন প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে নিবন্ধক শুনানির তারিখ, সময় ও স্থান উল্লেখ করিয়া আবেদনকারী বরাবর নোটিশ প্রেরণ করিবেন।

(৬) উপ-বিধি (৪) এর অধীন আবেদনকারী নির্ধারিত সময়ের মধ্যে শুনানির আবেদন না করিলে অথবা নির্ধারিত শুনানিতে হাজির হইতে ব্যর্থ হইলে নিবন্ধকের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৭) যদি আবেদনকারী শুনানিতে হাজির হন তাহা হইলে নিবন্ধক তাহাকে শুনানি করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং উহা সংশ্লিষ্ট ট্রেডমার্কের স্বত্বাধিকারীকে অবহিত করিবেন।

৩৯। **স্বত্বনিয়োগ বা হস্তান্তর নিবন্ধন বহিতে লিপিবদ্ধ করিবার আবেদন।**—(১) কোন ব্যক্তি স্বত্বনিয়োগ অথবা হস্তান্তরের মাধ্যমে কোন নিবন্ধিত ট্রেডমার্কের অধিকারী হইলে, তিনি বিধি-৩৮ এর উপ-বিধি (৩) এর অধীন প্রত্যয়নপত্র প্রাপ্তির ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধকের নিকট এককভাবে অথবা নিবন্ধিত স্বত্বাধিকারীর সহিত যৌথভাবে প্রযোজ্য ফিসহ টিএম-২৪ ফরমে নিবন্ধন বহিতে তাহার স্বত্ব লিপিবদ্ধ করিবার জন্য আবেদন করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন ফরমের সহিত নিম্নবর্ণিত তথ্যাবলী উল্লেখ করিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারীর পূর্ণ নাম এবং ব্যবসায়ের ঠিকানা এবং আবেদনকারী অংশীদারি কারবার হইলে, সকল অংশীদারের পূর্ণ নাম;

(খ) যে সকল দলিলের ভিত্তিতে আবেদনকারী তাহার অধিকার দাবী করিতেছেন, সেই দলিলের সত্যায়িত কপি (সার্টিফাইড কপি), যদি থাকে ঃ

তবে শর্ত থাকে যে, নিবন্ধক যে কোন সময় উক্ত সত্যায়িত দলিলের মূলকপি দাখিলের নির্দেশ দিতে পারিবেন;

(গ) যে ক্ষেত্রে আবেদনকারী এমন কোন দলিলের অধীন অধিকার দাবী করেন না, যাহা স্বয়ং তাহার স্বত্বের দালিলিক প্রমাণ দিতে সক্ষম, সেইক্ষেত্রে আবেদনের সহিত তিনি যে তথ্যাবলীর ভিত্তিতে নিজেকে বিবেচ্য মার্কের স্বত্বাধিকারী দাবী করিতেছেন উহার পূর্ণাঙ্গ তথ্যাবলী;

(ঘ) ব্যবসায়ের সুনাম ব্যতীত স্বত্বনিয়োগের ক্ষেত্রে—

(অ) স্বত্বনিয়োগের সময় মার্কটি সংশ্লিষ্ট পণ্য বা সেবার কোন ব্যবসায়ে ব্যবহৃত হইয়াছে কি না; এবং

(আ) স্বত্বনিয়োগ ব্যবসায়ের সুনাম ব্যতীত অন্য কোন বিষয় সম্পর্কে হইয়াছে কি না।

৪০। **ব্যবসায়ের সুনাম ব্যতীত স্বত্বনিয়োগের ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রচার সম্পর্কে নির্দেশনার জন্য আবেদন।**—(১) ব্যবসায়ের সুনাম ব্যতীত অন্য বিষয় সম্পর্কে স্বত্বনিয়োগ হইলে, স্বত্বনিয়োগের তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে, বিজ্ঞপ্তি প্রচার সম্পর্কে নির্দেশনা এর জন্য স্বত্বনিয়োগী নিবন্ধকের নিকট টিএম-২২ ফরম এ আবেদন করিবেন:

তবে শর্ত থাকে যে, টিএম-১৯ ফরমে উক্ত সময় বৃদ্ধির লক্ষ্যে নিবন্ধক বরাবর আবেদন করা যাইবে এবং নিবন্ধক সর্বোচ্চ তিন মাস সময় বৃদ্ধি করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে নিবন্ধক স্বত্বনিয়োগীকে নির্দিষ্ট সময়ের মধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ সম্পর্কে টিএমআর-১৯ ফরমে দিক নির্দেশনা প্রদান করিবেন এবং উক্তরূপ দিক-নির্দেশনা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় আনিতে হইবে ঃ

(ক) বিজ্ঞপ্তি কমপক্ষে ১ (এক) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রথম অথবা শেষ পৃষ্ঠায় প্রকাশ করিতে হইবে;

(খ) বিজ্ঞপ্তিতে এই মর্মে উল্লেখ থাকিতে হইবে যে, স্বত্বনিয়োগ সংশ্লিষ্ট ব্যবসায়ের সুনাম ব্যতীত অন্য কী বিষয় সম্পর্কিত;

(গ) বিজ্ঞপ্তিতে স্বত্ব নিয়োগকারী এবং স্বত্ব নিয়োগীর পূর্ণ নাম এবং ঠিকানা থাকিবে;

(ঘ) ট্রেডমার্ক নিবন্ধন নম্বর, শ্রেণি, ট্রেডমার্ক এবং পণ্য বা সেবার পূর্ণ বিবরণ;

(ঙ) অনিবন্ধিত মার্কের ক্ষেত্রে ট্রেডমার্ক, শ্রেণি, পণ্য বা সেবার বর্ণনা এবং ধারা ৩৫(২) এর অধীনে যে নিবন্ধিত মার্কের সহিত অনিবন্ধিত মার্কটি সম্পর্কযুক্ত উহার নম্বর, শ্রেণি, পণ্য/সেবা ও মার্ক বিজ্ঞপ্তিতে হইতে হইবে:

(চ) নিবন্ধকের বিবেচনায় অন্য যে কোন শর্ত আরোপযোগ্য হইলে উহা।

(৩) প্রকাশিত বিজ্ঞপ্তির একটি অনুলিপি নিবন্ধকের নিকট দাখিল করিতে হইবে।

৪১। **নিবন্ধন বহিতে স্বত্বনিয়োগ এন্ট্রিকরণ**।—ধারা ৪০ এর অধীন কোন নিবন্ধিত ট্রেডমার্ক বা ইহার কোন অধিকার সম্পর্কে স্বত্ব নিয়োগ বা হস্তান্তরের নিবন্ধন করা হইলে নিবন্ধন বহিতে নিম্নবর্ণিত তথ্য এন্ট্রি করিতে হইবে, যথা:—

(ক) স্বত্বনিয়োগী বা হস্তান্তর গ্রহীতার নাম এবং ঠিকানা;

(খ) স্বত্বনিয়োগ বা হস্তান্তরের তারিখ;

(গ) মার্কের কোন অধিকার সম্পর্কে স্বত্বনিয়োগ বা হস্তান্তর করা হইলে, উক্ত অধিকারের বিবরণ;

(ঘ) স্বত্বনিয়োগ বা হস্তান্তরের প্রজ্ঞাপন প্রকাশের মাধ্যমের নাম ও তারিখ;

(ঙ) স্বত্ব প্রদানকারী দলিল বা ইন্স্ট্রুমেন্ট এর বিবরণ;

(চ) কোন আদালত কর্তৃক নিবন্ধিত ট্রেডমার্ক বা ইহার কোন অধিকার হস্তান্তরের ক্ষেত্রে—

(অ) হস্তান্তর গ্রহীতার নাম ও ঠিকানা;

(আ) আদালতের নাম, মামলার নম্বর এবং আদেশ প্রদানের তারিখ; এবং

(ই) মার্কের কোন অধিকার সম্পর্কে হস্তান্তর করা হইলে, উক্ত অধিকারের বিবরণ।

৪২। **স্বতন্ত্র নিবন্ধন**।—স্বত্বনিয়োগের ফলশ্রুতিতে পণ্য বা সেবা অথবা স্থান বা বাজারের বিভাজন ও পৃথকীকরণের কারণে, কোন নিবন্ধিত ট্রেডমার্কের জন্য স্বত্বাধিকারী হিসাবে একাধিক ব্যক্তির নাম নিবন্ধিত হইলে, আইনের উদ্দেশ্যপূরণকল্পে প্রতিটি নিবন্ধন স্বতন্ত্র নিবন্ধন বলিয়া গণ্য হইবে।

**৪৩। সার্টিফিকেশন ট্রেডমার্ক এবং সহযোগী ট্রেডমার্কের স্বত্বনিয়োগ বা হস্তান্তর।**—(১) সার্টিফিকেশন ট্রেডমার্কের স্বত্বনিয়োগ বা হস্তান্তরের বিষয়ে সরকারের অনুমোদনের জন্য আবেদন টিএম-২০ ফরমে নির্ধারিত ফি দিয়ে নিবন্ধকের মাধ্যমে সচিব বরাবর দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধক উহার বিষয়ে তাহার মন্তব্য এবং সুপারিশসহ সরকারের নিকট অগ্রায়ন করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর সরকার উহা বিবেচনা করিয়া টিএমআর-১১ ফরমে আবেদনকারী বরাবর স্বত্বনিয়োগ বা হস্তান্তর বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (৩) অনুযায়ী সিদ্ধান্ত অবহিত হইবার পর টিএম-২৪ ফরমে সার্টিফিকেশন ট্রেডমার্কের স্বত্বনিয়োগ বা হস্তান্তর নিবন্ধন বহিতে লিপিবদ্ধ করিবার আবেদন করিতে হইবে।

(৫) কোন রেজিস্টার্ড মার্কের সহযোগী মার্ক থাকিলে সহযোগী মার্কসহ স্বত্বনিয়োগ বা হস্তান্তর করিতে হইবে এবং সহযোগী মার্কসহ স্বত্বনিয়োগ বা হস্তান্তরের আবেদনটি টিএম-২৪ ফরমে দাখিল করিতে হইবে।

## নমব অধ্যায়
## নিবন্ধিত ব্যবহারকারী সংক্রান্ত বিধান

**৪৪। নিবন্ধিত ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের আবেদন।**—(১) কোন ব্যক্তিকে ট্রেডমার্কের নিবন্ধিত ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের অনুমতি প্রদানের প্রস্তাব করা হইলে নিবন্ধিত স্বত্বাধিকারী এবং প্রস্তাবিত নিবন্ধিত ব্যবহারকারী যৌথভাবে প্রযোজ্য ফিসহ টিএম-২৮ ফরমে নিবন্ধক বরাবর আবেদন করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রতিটি প্রস্তাবের জন্য পৃথক আবেদন করিতে হইবে।

(৩) নিবন্ধিত ব্যবহারকারী হিসেবে নিবন্ধনের আবেদন বিবেচনাকালে উক্ত ট্রেডমার্কের মাধ্যমে কোন পণ্য বা সেবার পাচার রোধকল্পে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনা করিতে হইবে, যথা:—

(ক) নিবন্ধিত স্বত্বাধিকারী এবং প্রস্তাবিত নিবন্ধিত ব্যবহারকারীর মধ্যে সম্পাদিত চুক্তিতে যে ট্রেডমার্ক ব্যবহার নিবন্ধনের প্রস্তাব করা হইয়াছে নিবন্ধিত স্বত্বাধিকারীর বিদ্যমান ব্যবসায় পণ্য বা সেবাসমূহের সকল বা অংশ বিশেষে উক্ত ট্রেডমার্কটি ব্যবহৃত হইতেছে কিনা;

(খ) নিবন্ধিত স্বত্বাধিকারী এবং প্রস্তাবিত নিবন্ধিত ব্যবহারকারীর মধ্যে সম্পাদিত চুক্তিতে পণ্য বা সেবার বিবরণ এবং মান নিয়ন্ত্রণ সম্পর্কিত বিধান অন্তর্ভুক্ত রহিয়াছে কিনা; এবং

(গ) নিবন্ধক কর্তৃক আরোপিত অন্য কোন শর্ত।

(৪) ধারা ৪৫ এর উপ-ধারা (২) এ উল্লিখিত শর্তাবলী পূরণ করা হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, নিবন্ধক ব্যবহারকারীকে নিবন্ধন বহিভুক্ত করিবেন।

৪৫। নিবন্ধন বহিতে নিবন্ধিত ব্যবহারকারী সংক্রান্ত তথ্য এন্ট্রি।—ধারা ৪৫ এর নিবন্ধিত ব্যবহারকারী হিসাবে কোন ব্যক্তিকে নিবন্ধন করা হইলে নিবন্ধন বহিতে নিম্নবর্ণিত তথ্য এন্ট্রি করিতে হইবে, যথাঃ—

(ক) নিবন্ধিত ব্যবহারকারীর নাম, ঠিকানা এবং বিবরণ;

(খ) অনুমোদিত ব্যবহার একচেটিয়া হইলে, উহার উল্লেখ;

(গ) অনুমোদিত ব্যবহারের উপর কোন বিধি-নিষেধ থাকিলে, উহার উল্লেখ; এবং

(ঘ) অনুমোদিত ব্যবহারের মেয়াদ।

৪৬। নিবন্ধিত ব্যবহারকারীর নিবন্ধন পরিবর্তন বা বাতিল।—(১) ধারা ৪৭ এর অধীন ট্রেডমার্কের নিবন্ধিত স্বত্বাধিকারী অথবা নিবন্ধিত ব্যবহারকারী অথবা যে কোন ব্যক্তি বা কোন নিবন্ধিত ব্যবহারকারীর নিবন্ধন পরিবর্তন অথবা বাতিলের জন্য প্রযোজ্য ফিসহ টিএম-২৫ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিতে পারিবে।

(২) কোন ট্রেডমার্কের নিবন্ধিত স্বত্বাধিকারী বা নিবন্ধিত ব্যবহারকারী ব্যতীত অপর কোন ব্যক্তি কর্তৃক কোন নিবন্ধিত ব্যবহারকারীর নিবন্ধন পরিবর্তন বা বাতিলের আবেদন করা হইলে, নিবন্ধক উক্ত আবেদন সম্পর্কে ট্রেডমার্কের স্বত্বাধিকারী অথবা নিবন্ধিত ব্যবহারকারীকে টিএমআর-১৯ ফরমে লিখিতভাবে অবহিত করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নোটিশপ্রাপ্ত ব্যক্তি কার্যধারায় অংশগ্রহণে ইচ্ছুক হইলে নোটিশ প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে যথাযথ ফিসহ টিএম-৩২ ফরমে নিবন্ধককে অবহিত করিতে হইবে।

(৪) এই বিধির অধীন আবেদন এবং কার্যধারা নিষ্পত্তির উদ্দেশ্যে নিবন্ধক নিবন্ধিত স্বত্বাধিকারী, নিবন্ধিত ব্যবহারকারী এবং আবেদনকারীকে তদ্‌কর্তৃক নির্ধারিত তারিখ ও সময় শুনানির জন্য অবহিত করিবেন এবং শুনানি নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনীয় অভিযোজনসহ বিধি ১৮ হতে ২৩ এর বিধান প্রযোজ্য হইবে।

(৫) উক্তরূপ পরিবর্তন বা বাতিল সংক্রান্ত মার্কটি একাধিক নিবন্ধিত ব্যবহারকারী সংশ্লিষ্টতার কারণে অথবা সংক্ষুব্ধ হইলে তাহাদের প্রত্যেককে পৃথক আবেদন করিতে হইবে।

(৬) নিবন্ধক কার্যধারা সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যবহারকারীর নিবন্ধন বাতিল অথবা পরিবর্তন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে সে অনুযায়ী নিবন্ধন বহি সংশোধন করিবেন এবং উক্ত বাতিল বা পরিবর্তনের বিষয়টি নিবন্ধিত স্বত্বাধিকারী, নিবন্ধিত ব্যবহারকারী এবং উপ-বিধি (২)-এ উল্লিখিত আবেদনকারীকে, যদি থাকে, অবহিত করিবেন।

(৭) কোন নিবন্ধিত ব্যবহারকারীর নিবন্ধন নির্দিষ্ট মেয়াদের জন্য হইলে উক্ত মেয়াদ পরিসমাপ্তির পর নিবন্ধক নিবন্ধন বহি হইতে সংশ্লিষ্ট এন্ট্রি কর্তন করিবেন।

## দশম অধ্যায়
## নিবন্ধন বহির এন্ট্রি সংশোধন, পরিবর্তন, ইত্যাদি

৪৭। **নিবন্ধিত স্বত্বাধিকারী কর্তৃক নিবন্ধন বহির এন্ট্রি সংশোধনের আবেদন।**—কোন ট্রেডমার্কের নিবন্ধিত স্বত্বাধিকারী নিবন্ধন বহির কোন এন্ট্রি সংশোধনের জন্য প্রযোজ্য ফিসহ টিএম-৩৩ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিবেন।

৪৮। **নিবন্ধিত স্বত্বাধিকারী, নিবন্ধিত ব্যবহারকারী বা কোন সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃক নিবন্ধন বহির কোন এন্ট্রি বাতিল, পরিবর্তন বা সংশোধনের আবেদন।**—(১) বিধি ৫২ এ উল্লিখিত বিষয় ব্যতীত ভিন্ন বিষয়ে নিবন্ধিত স্বত্বাধিকারী, নিবন্ধিত ব্যবহারকারী বা কোন সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃক ধারা ৪২(১), ৪৩(৪), ৫১, ৫২, ৫৩ অথবা ৫৪(৩) এর অধীন নিবন্ধন বহিতে কোন এন্ট্রি সংশোধন, পরিবর্তন বা বাতিলের জন্য প্রযোজ্য ফিসহ, ক্ষেত্রমত, টিএম-২৬, টিএম-২৭ অথবা টিএম-২৯ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিতে হইবে।

(২) এই বিধির অধীন আবেদনের বিষয়বস্তু সম্পর্কে নিবন্ধিত স্বত্বাধিকারী ব্যতীত অপর কোন ব্যক্তি কোন নিবন্ধিত ট্রেডমার্কে তাহার স্বার্থ দাবী করিলে, টিএম-৩২ ফরমে নিবন্ধক বরাবর তাহার স্বার্থের ধরন উল্লেখ করিয়া কার্যধারায় পক্ষভুক্ত করিবার জন্য আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন পক্ষভুক্তির আবেদন প্রাপ্তির পর নিবন্ধক উপযুক্ত মনে করিলে, পক্ষসমূহের শুনানি করিয়া উক্ত ব্যক্তিকে পক্ষভুক্ত করিতে পারিবেন।

(৪) নিবন্ধক উপযুক্ত মনে করিলে এই বিধির অধীন আবেদনের সহিত দাখিলকৃত তথ্য ও সাক্ষ্য হলফনামা আকারে টিএম-১৮ ফরমে দাখিলের জন্য নির্দেশনা দিতে পারিবেন।

(৫) এই বিধির অধীন আবেদন নিষ্পত্তির প্রয়োজনীয় অভিযোজনসহ বিধি ১৮ হইতে ২৩ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৪৯। **জার্নালে বিজ্ঞপ্তি প্রকাশ।**—(১) নিবন্ধন বহিতে ব্যবসায়িক বা পত্র জারির ঠিকানা অথবা দাবী ত্যাগ বা স্মারকলিপি এন্ট্রির অনুরোধ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে নিবন্ধক জার্নালে উক্তরূপ অনুরোধ বা প্রস্তাবের বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ২ (দুই) মাসের মধ্যে উক্তরূপ অনুরোধ বা প্রস্তাবের বিরোধিতা করিতে ইচ্ছুক কোন ব্যক্তি কারণ উল্লেখপূর্বক নিবন্ধক বরাবর আবেদন করিতে পারিবেন এবং আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনীয় অভিযোজনসহ বিধি ১৮ হইতে ২৩ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫০। **হাইকোর্ট বিভাগে আপীল।**—(১) নিবন্ধকের কোন আদেশ বা সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি আদেশ বা সিদ্ধান্তের অনুলিপি প্রাপ্তির ২ (দুই) মাসের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন।

(২) হাইকোর্ট বিভাগে দাখিলকৃত প্রতিটি আপীল দায়েরের ক্ষেত্রে ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর নাম উল্লেখসহ উক্ত আপীল মামলার নম্বরসহ আপীল দায়ের সংক্রান্ত কাগজপত্রের একটি অনুলিপি রেজিস্ট্রিতে দাখিল করিতে হইবে।

৫১। **হাইকোর্ট বিভাগের আদেশ সম্পর্কিত বিধান।**—(১) আইনের অধীনে হাইকোর্ট বিভাগ কর্তৃক কোন মামলায় আদেশ প্রদান করা হইলে যে ব্যক্তির অনুকূলে আদেশ প্রদান করা হইয়াছে, সেই ব্যক্তি উক্ত আদেশের একটি অনুলিপি নিবন্ধকের নিকট দাখিল করিবেন এবং নিবন্ধন বহিতে সংশোধন বা পরিবর্তনের প্রয়োজন হইলে প্রযোজ্য ফিসহ ক্ষেত্রমত, টিএম-২৬ ফরম বা টিএম-২৭ ফরমে আবেদন দাখিল করিবেন।

(২) আদালতের আদেশ অনুযায়ী নিবন্ধক নিবন্ধন বহিতে প্রয়োজনীয় সংশোধন বা পরিবর্তন করিবেন।

(৩) হাইকোর্ট বিভাগের কোন আদেশ প্রচার করা সমীচীন মনে করিলে, নিবন্ধক উক্ত আদেশ বা আদেশের মূল বিষয়বস্তু, নিবন্ধক যাহা উপযুক্ত মনে করিবেন, জার্নালে প্রকাশ করিতে পারিবেন।

৫২। **বৈধতার প্রত্যয়নপত্র।**—(১) ধারা ১১০ এর অধীন ট্রেডমার্কের স্বত্বাধিকারীর অনুকূলে কোন নিবন্ধিত ট্রেডমার্কের বৈধতার প্রত্যয়নপত্র প্রদান করা হইলে, তিনি প্রযোজ্য ফি প্রদান করিয়া নিবন্ধন বহিতে উহার এন্ট্রি লিপিবদ্ধ করিবার জন্য প্রত্যয়নপত্রের অনুলিপিসহ টিএম-৩০ ফরমে নিবন্ধককে অনুরোধ করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীনে অনুরোধ প্রাপ্ত হইলে, নিবন্ধক অনুরোধ মোতাবেক নিবন্ধন বহিতে উহা লিপিবদ্ধ করিবেন এবং উপযুক্ত মনে করিলে বৈধতার প্রত্যয়নপত্র বা উহার মূল বিষয়বস্তু জার্নালে প্রকাশ করিবেন।

৫৩। **সার্টিফিকেশন ট্রেডমার্ক এবং সমষ্টিগত মার্ক এর ব্যবহার সম্পর্কিত প্রবিধান সংশোধন, বাতিল ইত্যাদি**—(১) সার্টিফিকেশন ট্রেডমার্ক বা সমষ্টিগত মার্ক এর ব্যবহার সম্পর্কিত নিবন্ধন বহির কোন এন্ট্রি বাতিল বা পরিবর্তন অথবা প্রবিধান সংশোধনের উদ্দেশ্যে প্রযোজ্য ফিসহ টিএম-৮ ফরমে নিবন্ধক বরাবর আবেদন করিতে হইবে এবং অনুরূপভাবে আবেদন করা হইলে নিবন্ধক, সরকারের অনুমতি সাপেক্ষে, সংশ্লিষ্ট এন্ট্রি বাতিল, পরিবর্তন বা প্রবিধান সংশোধন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন এন্ট্রি বাতিল, পরিবর্তন বা প্রবিধান সংশোধন করিতে চাহিলে নিবন্ধক উহা জার্নালে প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন এবং জার্নালে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ২ (দুই) মাসের মধ্যে যে কোন ব্যক্তি প্রস্তাবিত সংশোধনীর বিরোধিতা করিয়া প্রযোজ্য ফিসহ টিএম-৫ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোন বিরোধিতার আবেদন করা হইলে উহা নিষ্পত্তির ক্ষেত্রে, প্রয়োজনীয় অভিযোজনসহ বিধি ১৮ হইতে বিধি ২৩ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৫৪। **সমষ্টিগত মার্কের নিবন্ধন বাতিল।**—আইনের অধীন যে সকল কারণে কোন মার্কের নিবন্ধন বাতিল করা হয় সেই সকল কারণসহ নিম্নবর্ণিত কারণেও সমষ্টিগত মার্কের নিবন্ধন বাতিল করা যাইবে, যথা:—

(ক) সমষ্টিগত মার্ক ব্যবহার দ্বারা বিভ্রান্তির সৃষ্টি করিলে;

(খ) সমষ্টিগত মার্কের ব্যবহার সম্পর্কিত প্রবিধানের শর্ত প্রতিপালনে ব্যর্থ হইলে বা প্রতিপালন নিশ্চিত করিতে না পারিলে;

(গ) নিবন্ধকের অনুমতি ব্যতিরেকে সমষ্টিগত মার্কের ব্যবহার সম্পর্কিত প্রবিধান সংশোধন করিলে;

(ঘ) সমষ্টিগত মার্কের ব্যবহার সম্পর্কিত প্রবিধান বাংলাদেশের জননীতি বা গৃহীত কোন নৈতিকতার নীতির পরিপন্থী হইলে।

## একাদশ অধ্যায়

## বস্ত্র পণ্য সম্পর্কে বিশেষ বিধান

৫৫। **বস্ত্র মার্ক নিবন্ধনের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলী।**—এই অধ্যায়ের বিধানাবলী সাপেক্ষে, এই বিধিমালার অধীন অন্যান্য ট্রেডমার্কের ক্ষেত্রে যে সকল বিধান প্রযোজ্য হইবে, বস্ত্র মার্ক নিবন্ধনের ক্ষেত্রেও প্রয়োজনীয় অভিযোজন সহকারে সে সকল বিধান প্রযোজ্য হইবে।

৫৬। **বস্ত্র পণ্য সম্পর্কে শব্দ, অক্ষর, সংখ্যা বা উহাদের সমন্বয়ে গঠিত মার্ক নিবন্ধনের আবেদন, ইত্যাদি।**—(১) বস্ত্র পণ্য সম্পর্কে শুধুমাত্র উচ্চারণযোগ্য শব্দ বা শব্দাবলী বিশিষ্ট মার্ক, অথবা, অক্ষর বা সংখ্যা বা উভয়ের সমন্বয়ে গঠিত মার্ক নিবন্ধনের আবেদন টিএম-১ ফরমে নিবন্ধকের নিকট দাখিল করিতে হইবে।

(২) পঞ্চম তফসিলে উল্লিখিত শুধুমাত্র অক্ষর বা সংখ্যা বা উভয়ের সমন্বয়ে গঠিত বস্ত্র মার্কের প্রতিটি আইটেম সম্পর্কে ট্রেডমার্ক নিবন্ধনের জন্য পৃথক আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন শুধুমাত্র অক্ষর বা সংখ্যা বা উভয়ের সমন্বয়ে গঠিত বস্ত্র মার্কের নিবন্ধনের আবেদনের উদ্দেশ্যে এই বিধিমালার পঞ্চম তফসিলের প্রথম অংশে উল্লিখিত আইটেমসমূহ শ্রেণি বিভাজন করিতে হইবে এবং প্রত্যেক শ্রেণিভুক্ত সকল পণ্য একই বর্ণনার পণ্য হিসাবে ও ভিন্ন শ্রেণিভুক্ত পণ্য ভিন্ন বর্ণনার পণ্য হিসাবে গণ্য হইবে যাহা পঞ্চম তফসিলের দ্বিতীয় অংশে শ্রেণিবদ্ধ করা হইয়াছে।

(৪) পঞ্চম তফসিলে উল্লিখিত একই শ্রেণিভুক্ত নিবন্ধিত বা পূর্বেই নিবন্ধনের জন্য আবেদনকৃত কোন মার্কের অনুরূপ বা বিভ্রান্তিমূলকভাবে সাদৃশ্যপূর্ণ বা প্রতারণামূলক সাদৃশ্যপূর্ণ কোন মার্ক নিবন্ধক নিবন্ধন করিবেন না।

৫৭। **কতিপয় মার্কের নিবন্ধনে বাধা-নিষেধ।**—(১) বস্ত্র পণ্য সম্পর্কে নিম্নবর্ণিত মার্ক নিবন্ধনযোগ্য হইবে না, যথা:—

(ক) এক ডিজিটের যে কোন সংখ্যা অথবা ছয় ডিজিটের বেশি কোন সংখ্যা, যাহা সুষম সংখ্যা (balanced numeral) নহে;

(খ) একটি বর্ণ অথবা ছয়টি বর্ণের বেশি বর্ণের সমষ্টি, যাহা সুষম সংখ্যা নহে;

(গ) আট ডিজিটের অধিক সংখ্যা বা বর্ণের সমষ্টি;

(ঘ) কোন ভগ্নাংশ অথবা একত্রে আটের অধিক ডিজিট বিশিষ্ট বর্ণ ভগ্নাংশ;

(ঙ) কোন ভগ্নাংশ অথবা একত্রে তিন ডিজিটের কম বর্ণ ভগ্নাংশ;

(চ) যে কোন সংখ্যার সমষ্টি এবং ছয় এর অধিক ডিজিটের ভগ্নাংশ;

(ছ) কোন সংখ্যা, বর্ণ, ভগ্নাংশ এবং বর্ণ ভগ্নাংশের সমষ্টি, যাহা আটের অধিক ডিজিট বিশিষ্ট অথবা লব (numerator) বা হর (denumerator) এ একাধিক ডিজিট বিশিষ্ট ভগ্নাংশ লইয়া সমাপ্ত হইয়াছে;

(জ) কাপড়ের পরিমাপ জ্ঞাপক সংখ্যা বা বর্ণ;

(ঝ) একই পণ্য অথবা একই বর্ণনার পণ্য সম্পর্কে বিভিন্ন ব্যক্তির নামে ইতোমধ্যে নিবন্ধিত পরম্পরাক্রমে বিন্যস্ত সুষম সংখ্যা হইতে কমপক্ষে দুই ডিজিট বেশী বা দুই ডিজিট কম নয় এমন সুষম সংখ্যা।

(২) সংখ্যা, বর্ণ, ভগ্নাংশ, বর্ণ ভগ্নাংশ অথবা উহাদের সমষ্টি, যাহা সুষম সংখ্যা নহে এইরূপ কোন ট্রেডমার্ক বস্ত্র মার্ক হিসাবে নিবন্ধনযোগ্য হইবে না, যদি না উহা একই পণ্য বা একই বর্ণনার পণ্য সম্পর্কে ভিন্ন ব্যক্তির নামে নিবন্ধিত ট্রেডমার্ক হইতে পৃথক হয়—

(ক) অনধিক চার ডিজিটের সংখ্যার ক্ষেত্রে অন্ততঃ একটি সদৃশ ডিজিট;

(খ) পাঁচ ডিজিট বিশিষ্ট সংখ্যার ক্ষেত্রে অন্ততঃ দুইটি সদৃশ ডিজিট;

(গ) ছয় ডিজিট বিশিষ্ট সংখ্যার ক্ষেত্রে অন্ততঃ তিনটি সদৃশ ডিজিট;

(ঘ) দুই বর্ণের সমষ্টির ক্ষেত্রে অন্ততঃ একটি সদৃশ বর্ণ;

(ঙ) তিন বা চার বর্ণের সমষ্টির ক্ষেত্রে অন্ততঃ দুইটি সদৃশ বর্ণ;

(চ) পাঁচ বা ছয় বর্ণের সমষ্টির ক্ষেত্রে অন্ততঃ তিনটি সদৃশ বর্ণ;

(ছ) মার্কটি একটি বর্ণ ও এক ডিজিটের সংখ্যার সমষ্টি হইলে, উহাদের মধ্যে অন্ততঃ যে কোন একটি সদৃশ;

(জ) মার্কটি একটি বর্ণ ও দুই বা তিন ডিজিটের সংখ্যার সমষ্টি হইলে, অন্ততঃ একটি সদৃশ সংখ্যা ডিজিট;

(ঝ) মার্কটি একটি বর্ণ ও চার বা ততোধিক ডিজিটের সংখ্যার সমষ্টি হইলে, অন্ততঃ দুইটি সদৃশ সংখ্যা ডিজিট;

(ঞ) মার্কটি দুই বা ততোধিক বর্ণ ও এক বা একাধিক ডিজিটের সংখ্যার সমষ্টি হইলে, অন্ততঃ একটি সদৃশ বর্ণ ও একটি সদৃশ সংখ্যা ডিজিট;

(ট) ভগ্নাংশ বা বর্ণ ভগ্নাংশ অথবা উহাদের সমষ্টির ক্ষেত্রে লব এবং হরে মোট ডিজিট সংখ্যা তিন বা চার হইলে, লব অথবা হরের অন্ততঃ একটি সদৃশ সংখ্যা ডিজিট;

(ঠ) ভগ্নাংশ বা বর্ণ ভগ্নাংশ অথবা উহাদের সমষ্টির ক্ষেত্রে লব এবং হরে মোট ডিজিট সংখ্যা পাঁচ বা ততোধিক হইলে, অন্ততঃ লবে একটি সদৃশ ডিজিট ও হরে একটি সদৃশ ডিজিট অথবা লব বা হরের অন্ততঃ দুইটি সদৃশ ডিজিট;

(ড) মার্কটি একটি সংখ্যা এবং একটি ভগ্নাংশের সমষ্টি হইলে, অন্ততঃ একটি সদৃশ সংখ্যা ডিজিট;

(ঢ) মার্কটি বর্ণ, সংখ্যা এবং ভগ্নাংশের (বর্ণ ভগ্নাংশসহ) সমষ্টি হইলে—

(অ) ভগ্নাংশ বাদে মোট ডিজিট সংখ্যা অনধিক তিন হইলে, অন্ততঃ একটি সদৃশ ডিজিট;

(আ) ভগ্নাংশ বাদে মোট ডিজিট সংখ্যা চার বা ততোধিক হইলে, অন্ততঃ দুইটি সদৃশ ডিজিট।

(৩) কোন ট্রেডমার্ক উপ-বিধি (২) এ উল্লিখিত ক্ষেত্রের আওতাধীন না হইলে, উহা দ্বারা কাহারো প্রতারিত হইবার বা বিভ্রান্ত হইবার কারণ রহিয়াছে মর্মে উক্ত উপ-বিধির কোন কিছুই বুঝাইবে না।

(৪) যদি একই বস্ত্র পণ্যের ক্ষেত্রে কোন বর্ণ, সংখ্যা বা উভয়ের সমন্বয়ে গঠিত মার্ক নিবন্ধনের আবেদন করা হয় এবং উক্তরূপ আবেদনের তারিখের পূর্ববর্তী তারিখ হইতে আবেদনকারী বা তাহার ব্যবসায়িক পূর্বসূরী কর্তৃক উক্ত মার্কটির আদি ফরমে (original form) বা উহার পরিচিতির মৌলিকতাকে ক্ষুন্ন না করিয়া সংযোজন বা পরিবর্তন করতঃ অব্যাহতভাবে ব্যবহৃত হইয়া থাকিলে, উক্তরূপ মার্ক উপ-বিধি (১) এর দফা (ঝ) এর শর্ত অথবা উপ-বিধি (২) এর বিধি-নিষেধ পূরণ না করিবার কারণে নিবন্ধক উহা নিবন্ধন করিতে অস্বীকার করিতে পারিবেন না।

ব্যাখ্যা ঃ এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে—

(ক) "সুষম সংখ্যা" অর্থ অন্যূন তিন এবং অনধিক সাত সংখ্যার একই ধরনের সংখ্যা বা একই ধরনের বর্ণের সমন্বয়ে গঠিত মার্ক;

(খ) "ডিজিট" অর্থে একক বর্ণ হইবে;

(গ) "বর্ণ ভগ্নাংশ" অর্থ এক বা একাধিক বর্ণ সমন্বিত ভগ্নাংশ।

৫৮। **বস্ত্র পণ্যের নমুনা বাছাই।**—(১) কোন বস্ত্র মার্ক নিবন্ধনের জন্য আবেদন করা হইলে আবেদনকারী কর্তৃক দাবীকৃত বস্ত্র পণ্যের অভিন্ন সংখ্যা, পরিমাণ, মাপ, গেজ বা ওজন নিরূপণের উদ্দেশ্যে নিবন্ধক সংশ্লিষ্ট আবেদনকারীকে যুক্তিসঙ্গত পরিমাণ বস্ত্র পণ্য আনয়নের নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(২) নিবন্ধক প্রত্যেক শ্রেণিভুক্ত পণ্যের তিনটি আইটেম হইতে লক্ষ্যহীনভাবে নমুনা সংগ্রহ করিয়া তিনটি আলাদা খাম বা কন্টেইনারে রাখিবেন এবং খাম বা কন্টেইনারের গায়ে নমুনাগুলির পরিচিতি লিপিবদ্ধ করিয়া সীঁল করিয়া দিবেন।

(৩) উক্তরূপে সংগৃহীত ও রক্ষিত নমুনার একটি নমুনা আবেদনকারীকে, একটি নমুনা ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনে প্রদত্ত গুণাগুণ ও মানদণ্ডের (parameter) যথার্থতা যাচাই এর জন্য সরকারের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে এবং একটি নমুনা প্রয়োজনে, অধিকতর যাচাই এর জন্য রেজিস্ট্রির নথিতে রাখিতে হইবে।

(৪) সরকারের উপযুক্ত কর্তৃপক্ষ হইতে প্রাপ্ত বস্ত্র পণ্য নমুনা পরীক্ষার ফলাফল নিবন্ধক লিপিবদ্ধ করিবেন।

## দ্বাদশ অধ্যায়
## আইনজীবী, ট্রেডমার্ক প্রতিনিধি নিবন্ধন, ইত্যাদি

৫৯। **ট্রেডমার্ক প্রতিনিধি নিবন্ধন, ট্রেডমার্ক প্রতিনিধির যোগ্যতা, ইত্যাদি।**—(১) কোন ব্যক্তি ট্রেডমার্ক প্রতিনিধি হিসাবে নিবন্ধনের জন্য প্রযোজ্য ফিসহ টিএম-২ ফরমে নিবন্ধকের নিকট আবেদন দাখিল করিবেন।

(২) কোন ব্যক্তির ট্রেডমার্ক প্রতিনিধি হইবার ক্ষেত্রে নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

(ক) বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হইতে হইবে;

(গ) বাংলাদেশে তাহার প্রধান কর্মস্থল থাকিতে হইবে;

(ঘ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী এবং নিবন্ধিত ট্রেডমার্ক প্রতিনিধির তত্ত্বাবধানে অন্যূন ২(দুই) বৎসরের অভিজ্ঞতা বা ট্রেডমার্কসহ মেধাসম্পদ বিষয়ে বিশেষ প্রশিক্ষণ থাকিতে হইবে অথবা, ট্রেডমার্ক রেজিস্ট্রির অধীনে অন্যূন ২(দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং

(ঙ) এই বিধিমালা বলবৎ হইবার পূর্বে যিনি নিবন্ধিত এজেন্ট হিসাবে নিবন্ধকের সন্তুষ্টি মোতাবেক কাজ করিয়াছেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধক যদি সন্তুষ্ট হন যে, আবেদনকারীর ট্রেডমার্ক প্রতিনিধি হইবার সকল যোগ্যতা রহিয়াছে, তাহা হইলে ট্রেডমার্ক সম্পর্কিত আইন ও বিধি-বিধান সম্পর্কে আবেদনকারীর জ্ঞান ও দক্ষতা যাচাই এর উদ্দেশ্যে আবেদন প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে একটি তারিখ নির্ধারণ করিয়া তাহার সম্মুখে হাজির হইবার জন্য টিএমআর-১৯ ফরমে নির্দেশনা প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন আবেদনকারী ট্রেডমার্ক প্রতিনিধির সাক্ষাতকার গ্রহণ এবং নিবন্ধক কর্তৃক প্রয়োজনীয় বলিয়া বিবেচিত অন্য কোন তথ্য যাচাই এর পর নিবন্ধক যদি সন্তুষ্ট হন যে, আবেদনকারী ট্রেডমার্ক প্রতিনিধি হইবার যোগ্য, তাহা হইলে নিবন্ধক আবেদনকারীর বিন্ধনের আবেদন মঞ্জুর করিবেন এবং আবেদনকারীকে উক্ত বৎসরের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্য পঞ্জিকা বৎসরের জন্য ট্রেডমার্ক প্রতিনিধি হিসাবে নিবন্ধন বহিভুক্ত হইবার জন্য টিএমআর-১৯ ফরমে ফি প্রদানের নির্দেশনা প্রদান করিবেন।

(৫) আবেদনকারী টিএম-৩ ফরমে প্রতিনিধি নিবন্ধন ফি দাখিল করিলে নিবন্ধক তাকে টিএমআর-২০ ফরমে লিপিবদ্ধ করতঃ নিবন্ধন বহিভুক্ত করিবেন।

৬০। **ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নবায়ন, ইত্যাদি।**—(১) নিবন্ধিত ট্রেডমার্ক প্রতিনিধি তাহার নিবন্ধন নবায়নের উদ্দেশ্যে প্রতি বৎসর ৩১ ডিসেম্বরের মধ্যে প্রযোজ্য ফিসহ টিএম-৩ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিবেন এবং নিবন্ধক যদি সন্তুষ্ট হন যে, ট্রেডমার্ক প্রতিনিধি নিবন্ধনের কোন শর্ত লঙ্ঘন করেন নাই, তাহা হইলে, পরবর্তী এক বৎসরের জন্য উক্ত ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নবায়ন করিবেন এবং উহা টিএমআর-২০ ফরমে লিপিবদ্ধ করতঃ নিবন্ধন বহিভুক্ত করিবেন।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যদি কোন নিবন্ধিত ট্রেডমার্ক প্রতিনিধি যুক্তিসঙ্গত কারণে ৩১ ডিসেম্বরের মধ্যে নিবন্ধন নবায়নের আবেদন করিতে ব্যর্থ হন, তাহা হইলে পরবর্তী বৎসরের ৩১ মার্চের মধ্যে বিলম্ব ফিসহ টিএম-৩ ফরমে আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন ৩১ মার্চের মধ্যে নিবন্ধন নবায়নের আবেদন দাখিল করা না হইলে উক্ত ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন ৩০ জুন তারিখে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

(৪) কোন ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নবায়ন না করিবার কারণে নিবন্ধন বাতিল হইলে, তিনি যথাসময়ে নিবন্ধন নবায়নের আবেদন না করিবার কারণসমূহ উল্লেখপূর্বক বার্ষিক নবায়ন ফি এবং পুনর্বহাল ফিসহ নিবন্ধন পুনর্বহালের জন্য প্রযোজ্য ফিসহ টিএম-৩ ফরমে নিবন্ধকের নিকট আবেদন দাখিল করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধকের নিকট উপযুক্ত বলিয়া বিবেচিত হইলে নিবন্ধন পুনর্বহাল করিবেন অথবা উপযুক্ত বলিয়া বিবেচিত না হইলে নিবন্ধন পুনর্বহালের আবেদন না মঞ্জুর করিবেন এবং না মঞ্জুরের যুক্তিসমূহ উল্লেখ করিয়া ২(দুই) সপ্তাহের মধ্যে আবেদনকারীকে টিএমআর-১৯ ফরমে অবহিত করিবেন।

(৬) উপ-বিধি (৫) এর অধীন যদি কোন ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন পুনর্বহালের আবেদন না মঞ্জুর করা হয় তাহা হইলে সিদ্ধান্ত অবহিত হইবার ২(দুই) সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট ট্রেডমার্ক প্রতিনিধি নিবন্ধকের নিকট উহা পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবেন এবং আবেদন প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে নিবন্ধক টিএমআর-১৯ ফরমে তাহার সিদ্ধান্ত প্রদান করিবেন।

(৭) নিবন্ধক কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তে কেহ সংক্ষুব্ধ হইলে, উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ৩ (তিন) মাসের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করা যাইবে।

৬১। **ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন বহি।**—(১) নিবন্ধক টিএমআর-২০ ফরমে ট্রেডমার্ক প্রতিনিধিদের একটি নিবন্ধন বহি সংরক্ষণ করিবেন, যাহাতে ট্রেডমার্ক প্রতিনিধির নাম, বসবাসের ঠিকানা, ব্যবসায়িক ঠিকানা, জাতীয়তা, যোগ্যতা এবং নিবন্ধনের তারিখ উল্লেখ থাকিবে।

(২) নিবন্ধক, সময় সময়, ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন বহি জার্নালে প্রকাশ করিবেন এবং প্রতি বৎসরে অন্ততঃ একবার নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত নিবন্ধিত ট্রেডমার্ক প্রতিনিধিদের নামের বর্ণানুক্রমে সাজাইবেন ও উহার অনুলিপি রেজিস্ট্রির প্রতিটি শাখা অফিসে সরবরাহ করিবেন।

৬২। **নিবন্ধন বহি হইতে ট্রেডমার্ক প্রতিনিধির নাম কর্তন।**—নিবন্ধক নিম্নবর্ণিত কোন কারণে নিবন্ধন বহি হইতে কোন ট্রেডমার্ক প্রতিনিধির নাম সংশ্লিষ্ট ব্যক্তির শুনানি গ্রহণপূর্বক পর্যালোচনা সাপেক্ষে কর্তন করিতে পারিবেন, যথা:—

(ক) বিধি ৫৯ এর উপ-বিধি (২) এ উল্লিখিত যোগ্যতা না থাকিলে;

(খ) কোন ফৌজদারী অপরাধে দণ্ডিত হইলে;

(গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে;

(ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক মানসিকভাবে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হইলে, অথবা

(ঙ) ভুলক্রমে নিবন্ধন বহিভুক্ত হইলে বা কোন মৌলিক তথ্য গোপন করিয়া নিবন্ধিত হইলে।

## ত্রয়োদশ অধ্যায়

## বিবিধ

৬৩। **প্রাক-শুনানি।**—(১) নিবন্ধন সংশ্লিষ্ট আবেদন বা কার্যধারা শুনানি গ্রহণের পূর্বে নিবন্ধক পক্ষসমূহের প্রাক-শুনানীতে অংশগ্রহণের জন্য তারিখ ও সময় উল্লেখ করিয়া অন্যূন ১৪ (চৌদ্দ) দিন পূর্বে নোটিশ প্রদান করিতে পারিবেন।

(২) প্রাক-শুনানিতে নিবন্ধক সংশ্লিষ্ট পক্ষগণের মতামত গ্রহণ করিয়া নিবন্ধন সংশ্লিষ্ট আবেদন বা কার্যধারা সম্পর্কে টিএমআর-১৯ ফরমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

৬৪। **সময় বর্ধিতকরণ**।—(১) ধারা ৯৩ এর অধীন কোন কার্যধারা নিষ্পত্তির জন্য সময় বর্ধিতকরণের বিষয়ে প্রযোজ্য ফিসহ টিএম-১৯ ফরমে দাখিল করা যাইবে এবং সময় বর্ধিত করার আবেদন মঞ্জুর করা হইলে উহা সংশ্লিষ্ট অপরপক্ষকে অবহিত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সময় বর্ধিতকরণ সম্পর্কে অবহিত হইবার ১৪(চৌদ্দ) দিনের মধ্যে সংক্ষুব্ধ পক্ষ টিএম-৩৪ ফরমে নিবন্ধক বরাবর তাহার আপত্তি দাখিল করিবেন; যদি উক্ত সময়ের মধ্যে আপত্তি দাখিল করা না হয় তাহা হইলে উক্ত সময় বর্ধিতকরণের বিষয়ে তাহার সম্মতি রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

৬৫। **নিবন্ধকের সিদ্ধান্ত পুনর্বিবেচনা**।—(১) ধারা ৯১ এর উপ-ধারা (৫) এর বিধান অনুযায়ী নিবন্ধক স্বীয় উদ্যোগে অথবা আবেদনকারী অথবা নিবন্ধিত স্বত্বাধিকারী অথবা নিবন্ধিত ব্যবহারকারী কর্তৃক টিএম-৩৪ ফরমে আবেদনের প্রেক্ষিতে তদকর্তৃক প্রদত্ত কোন সিদ্ধান্ত শুনানি সাপেক্ষে পুনর্বিবেচনা করিতে পারিবেন এবং টিএমআর-৬ ফরমে সংশ্লিষ্ট পক্ষগণকে সিদ্ধান্ত অবহিত করিবেন।

(২) যদি কোন পক্ষ নিবন্ধকের সিদ্ধান্তের সহিত একমত পোষণ না করেন, তাহা হইলে তিনি উপ-বিধি (১) এর সিদ্ধান্ত অবহিত হইবার ২(দুই) সপ্তাহের মধ্যে টিএম-২৩ ফরমে শুনানির আবেদন করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন শুনানির আবেদন করা হইলে নিবন্ধক সংশ্লিষ্ট পক্ষের শুনানি গ্রহণ করিয়া তদবিবেচনায় উপযুক্ত আদেশ প্রদান করিতে পারিবেন।

৬৬। **দলিল বা সাক্ষ্য উপস্থাপনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রদান বিষয়ে নিবন্ধকের ক্ষমতা**।—এই বিধিমালার অধীন কোন ব্যক্তি কর্তৃক কোন দলিল বা সাক্ষ্য উপস্থাপনের প্রয়োজন থাকা সত্ত্বেও যদি কোন যৌক্তিক কারণে উক্ত দলিল বা সাক্ষ্য উপস্থাপন করা সম্ভব না হয়, তাহা হইলে নিবন্ধক যেরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ শর্ত সাপেক্ষে, উক্তরূপ দলিল বা সাক্ষ্য উপস্থাপনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবেন।

৬৭। **অনুসন্ধানের আবেদন**।—(১) চতুর্থ তফসিলে শ্রেণিবিন্যাসকৃত পণ্য বা সেবার যে কোন শ্রেণিভুক্ত পণ্য বা সেবা সম্পর্কে কোন ব্যক্তি টিএম-৪ ফরমে কোন ট্রেডমার্কের প্রতিরূপ সংযুক্ত করিয়া উক্ত মার্কের একইরূপ বা সদৃশ কোন ট্রেডমার্ক রেকর্ডভুক্ত আছে কিনা বা কেহ আবেদন করিয়াছেন কিনা তাহা নিশ্চিত হইবার জন্য অনুসন্ধান চালাইবার জন্য নিবন্ধকের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ২(দুই) সপ্তাহের মধ্যে নিবন্ধক অনুরূপ অনুসন্ধান পরিচালনা করিবেন এবং অনুসন্ধানের ফলাফল অনুরোধকারী ব্যক্তিকে টিএমআর-১৭ ফরমে অবহিত করিবেন।

৬৮। **জনসাধারণের জন্য উন্মুক্ত কোন দলিলের অনুলিপি সরবরাহের জন্য আবেদন**।—জনসাধারণের জন্য উন্মুক্ত কোন দলিল অনুসন্ধানের জন্য আগ্রহী ব্যক্তি টিএম-২১ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিতে পারিবেন এবং নিবন্ধক আবেদন প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে দলিলের সত্যায়িত অনুলিপি সরবরাহ করিবেন।

৬৯। **ভুল সংশোধন**।—ধারা ১৯ এর অধীন ভুল সংশোধনের উদ্দেশ্যে টিএম-১৬ ফরমে নিবন্ধকের নিকট আবেদন করিতে হইবে।

৭০। **হলফনামা।**—(১) আইন বা এই বিধিমালার অধীন কোন হলফনামা নিম্নবর্ণিতভাবে সম্পাদন করিতে হইবে—

(ক) বাংলাদেশের হলফনামা সম্পাদনের ক্ষেত্রে Oaths Act, 1873 (Act No. X of 1873) এর বিধান অনুযায়ী;

(খ) বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে হলফনামা সম্পাদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের হলফনামার জন্য প্রযোজ্য আইন অনুযায়ী।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোন হলফনামা সম্পাদিত হইলে এবং উহাতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর এবং সীল প্রযুক্ত থাকিলে উক্ত হলফনামা যথাযথভাবে সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭১। **ট্রেডমার্ক রেজিস্ট্রির শাখা অফিসে দলিল দাখিল, ইত্যাদি।**—(১) এই আইনের অধীন ট্রেডমার্ক রেজিস্ট্রিতে কোন দলিল দাখিলের প্রয়োজন হইলে উহা ট্রেডমার্ক রেজিস্ট্রির সংশ্লিষ্ট শাখা অফিসে দাখিল করা যাইবে।

(২) ট্রেডমার্ক রেজিস্ট্রির শাখা অফিসে নিবন্ধক নিম্নবর্ণিত দলিলাদির সরবরাহ নিশ্চিত করিবেন, যথা:—

(ক) ট্রেডমার্ক নিবন্ধন বহিতে কোন নিবন্ধিত ট্রেডমার্কের এন্ট্রি অন্তর্ভুক্ত হইলে উক্তরূপ অন্তর্ভুক্তির ১(এক) মাসের মধ্যে হালনাগাদকৃত ট্রেডমার্ক নিবন্ধন বহির অনুলিপি;

(খ) নিবন্ধিত ট্রেডমার্কের সূচিপত্র;

(গ) নিষ্পন্নাধীন ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনপত্র;

(ঘ) নিবন্ধিত ট্রেডমার্কের স্বত্বাধিকারীগণের নামের তালিকা;

(ঙ) নিবন্ধিত ব্যবহারকারীগণের নামের তালিকা;

(চ) সার্টিফিকেশন মার্কের ব্যবহার সম্পর্কিত প্রবিধান এবং অনুরূপ প্রবিধান পরিবর্তনের উদ্দেশ্যে দাখিলকৃত আবেদন;

(ছ) সমষ্টিগত মার্কের ব্যবহার সম্পর্কিত প্রবিধান এবং অনুরূপ প্রবিধান পরিবর্তনের উদ্দেশ্যে দাখিলকৃত আবেদন; এবং

(জ) ট্রেডমার্ক জার্নাল।

৭২। **কার্যধারা সম্পর্কে খরচের আদেশ।**—(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে এবং আইনে ভিন্নরূপ বিধানের ক্ষেত্র ব্যতীত, নিবন্ধক সকল কার্যধারায় সামগ্রিক অবস্থা বিবেচনা করিয়া যেরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ পরিমাণ খরচের আদেশ প্রদান করিতে পারিবেন, তবে অনুরূপ খরচ ষষ্ঠ তফসিলে উল্লিখিত টাকার অধিক হইবে না।

(২) কোন বিরোধিতার কার্যধারায় আবেদনকারী প্রতিদ্বন্দ্বিতা না করিলে, বিরোধিতাকারীর উপর খরচের আদেশ দেওয়া হইবে কিনা উহা নির্ধারণের জন্য নিবন্ধক বিবেচনা করিবেন যে, বিরোধিতাকারী কর্তৃক বিরোধিতার নোটিশ দাখিলের পূর্বে আবেদনকারীকে উপযুক্ত নোটিশ প্রদান করা হইলে উদ্ভূত কার্যধারা পরিহার করা যাইত কিনা।

৭৩। **নিবন্ধিত ট্রেডমার্কের পণ্য বা সেবার শ্রেণি পরিবর্তন।**—(১) ধারা ৫৪ এর বিধান সাপেক্ষে, নিবন্ধক, নিবন্ধিত কোন ট্রেডমার্কের পণ্য বা সেবার শ্রেণি পরিবর্তনের উদ্দেশ্যে অথবা পণ্য বা সেবার আন্তর্জাতিক শ্রেণিবিন্যাস সংশোধিত হইলে, নিবন্ধিত ট্রেডমার্কের শ্রেণি পরিবর্তনের উদ্দেশ্যে নিবন্ধন বহির এন্ট্রি সংশোধন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন নিবন্ধন বহিতে পণ্য বা সেবার শ্রেণির পরিবর্তন আনয়নের পূর্বে নিবন্ধক মার্কটির স্বত্বাধিকারীকে টিএমআর-১০ ফরমে প্রস্তাবিত সংশোধনীর বিষয়ে নোটিশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নোটিশ প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে স্বত্বাধিকারী লিখিত আপত্তি উত্থাপন করিলে, নিবন্ধক অবিলম্বে আপত্তিসমূহ বিবেচনা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিয়া সংশোধনী প্রস্তাব এবং যদি উক্ত সময়ের মধ্যে আপত্তি উত্থাপন করা না হয়, তাহা হইলে নিবন্ধক অবিলম্বে উক্ত সংশোধনী প্রস্তাব জার্নালে প্রকাশ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন জার্নালে প্রস্তাব প্রকাশিত হইবার ২(দুই) মাসের মধ্যে সংক্ষুব্ধ কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইবার কারণ উল্লেখ করিয়া টিএম-৫ ফরমে নিবন্ধকের নিকট বিরোধিতার নোটিশ দাখিল করিতে পারিবেন এবং টিএম-২৩ ফরম দাখিল করিয়া শুনানির প্রার্থনা করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৩) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে কোন বিরোধিতার নোটিশ দাখিল করা না হইলে অথবা বিরোধিতার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইলে নিবন্ধক তদানুযায়ী নিবন্ধন বহি সংশোধন করিবেন।

৭৪। **ট্রেডমার্ক জার্নাল।**—(১) নিবন্ধক ট্রেডমার্ক জার্নাল নামে একটি জার্নাল প্রকাশ করিবেন, যাহাতে মার্কের প্রতিরূপসহ ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনের যাবতীয় তথ্য, এই বিধিমালার অধীনে প্রকাশ করা প্রয়োজন এইরূপ তথ্য এবং নিবন্ধক কর্তৃক সমীচীন বলিয়া বিবেচিত অন্য কোন তথ্য থাকিবে।

(২) ট্রেডমার্ক জার্নাল মুদ্রিত আকারে প্রকাশিত হইবে এবং ওয়েবসাইটের মাধ্যমেও প্রকাশ করা যাইবে।

## চতুর্দশ অধ্যায়
## রহিতকরণ ও হেফাজত

৭৫। **রহিতকরণ ও হেফাজত।**—(১) The Trade Marks Rules, 1963, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Rules এর অধীনকৃত কোন কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে উক্ত Rules এর অধীন দাখিলকৃত কোন আবেদন, কার্যধারা, ইত্যাদির ক্ষেত্রে উক্ত Rules এর বিধান এমনভাবে প্রযোজ্য হইবে, যেন এই বিধিমালা প্রণীত হয় নাই।

## প্রথম তফসিল

**[ বিধি ৩(১) দ্রষ্টব্য ]**

**টিএম-১ ফরম**

**ট্রেডমার্ক নিবন্ধনের আবেদন**

[বিধি ১০(১), ১৩(৩), ২৯(১) এবং ৫৬(১) দ্রষ্টব্য]

কেবল অফিসে ব্যবহারে জন্য
আবেদন নং ঃ
তারিখ ঃ

১। যে মার্ক নিবন্ধনের আবেদন করা হইয়াছে (সংশ্লিষ্ট বক্সে টিক চিহ্ন দিন) ঃ

ট্রেডমার্ক (পণ্য) ☐ সার্টিফিকেশন মার্ক ☐

ট্রেডমার্ক (সেবা) ☐

প্রতিরক্ষামূলক মার্ক ☐ সমষ্টিগত মার্ক ☐

**দ্রষ্টব্যঃ** সার্টিফিকেশন মার্ক অথবা সমষ্টিগত মার্কের ক্ষেত্রে মার্কের ব্যবহার সম্পর্কিত প্রবিধানের কপি টিএম-৮ ফরমে সংযুক্ত করিতে হইবে এবং প্রতিরক্ষামূলক মার্কের ক্ষেত্রে হলফনামামূলে প্রত্যয়ন করিয়া আবেদনের সপক্ষে যুক্তি সম্বলিত একটি বিবৃতি সংযুক্ত করিতে হইবে।

২। মার্কের প্রতিরূপ ঃ

(মার্কের প্রতিরূপ ৭.৬২ সেঃ মিঃ × ৭.৬২ সেঃ মিঃ (৩" × ৩") এর বেশী হইবে না বা ২.৫৪ সেঃ মিঃ × ২.৫৪ সেঃ মিঃ (১" × ১") এর কম হইবে না)

৩। মার্কের বর্ণনাঃ

(আবেদনকারী যে মার্কটি নিবন্ধনের জন্য আবেদন করিয়াছেন তাহার সুস্পষ্ট বর্ণনা দিতে হইবে)

দ্রষ্টব্যঃ (ক) রক্ষিত স্থান অপর্যাপ্ত হইলে আলাদা A4 সাইজ কাগজে মার্কের প্রতিরূপ তৈরী করিয়া ফরমের সহিত শক্তভাবে আঁটিয়া দিতে হইবে।

(খ) পরম্পরাক্রমে বিন্যস্ত ট্রেডমার্কের জন্য আবেদন করা হইলে প্রতিটি মার্কের প্রতিরূপ দাখিল করিতে হইবে।

(গ) মার্কের প্রতিরূপ স্পষ্ট, টেকসই এবং ফটোকপি প্রক্রিয়ায় পুনরুৎপাদনের উপযোগী হইতে হইবে।

(ঘ) ট্রেডমার্কটি রঙ্গিন হইলে এবং ঐ রং-এর মধ্যে সীমিত রাখিতে হইলে বক্সে টিক দিন ☐

(ঙ) মার্কটিতে ইংরাজি বা বাংলা ব্যতীত অন্য শব্দ বা অক্ষর থাকিলে উল্লেখ করুন

ভাষা ☐ মার্কটির অনুবাদ ☐ মার্কটির প্রতিবর্ণীকরণ ☐

৪। শ্রেণি (একটি মাত্র শ্রেণির পণ্য বা সেবা) ☐

৫। পণ্য/ সেবার ধরন অনুসারে পণ্য/ সেবার তালিকা। বস্ত্র পণ্য/টুকরা পণ্য হইলে পণ্যের বর্ণনার পর পঞ্চম তফসিলে বর্ণিতমতে বস্ত্র পণ্যের নম্বর উল্লেখ করিতে হইবে (অপ্রয়োজনীয়টি কাটিয়া দিন)।

(ক) ......................................

(খ) ......................................

(গ) ......................................

(দ্রষ্টব্য ঃ পণ্য বা সেবা একাধিক আন্তর্জাতিক শ্রেণিভুক্ত হইলে পৃথক আবেদন করিতে হইবে। পণ্য বা সেবার তালিকার জন্য প্রয়োজন হইলে পৃথক সীট ব্যবহার করুন)।

৬। নিবন্ধন কোন শর্ত, দাবী ত্যাগ, সহযোগী মার্ক বা অন্য কোন বিধি-নিষেধ সাপেক্ষ হইলে তাহা নিচে উল্লেখ করুন। মার্কটিতে ইংরেজি বা বাংলা ভিন্ন অন্য বর্ণ বা শব্দ বা শব্দ গুচ্ছ থাকিলে বা অনুরূপ বর্ণ বা শব্দ গঠিত হইলে অথবা ইংরেজি বা বাংলা ভাষা ব্যতীত অন্য ভাষা থাকিলে বা ভাষা সমন্বয়ে গঠিত হইলে ক্ষেত্রমত সত্যায়িত প্রতিবর্ণীকরণ এবং অনুবাদ দাখিল করিতে হইবে :

-----------------------------------------------------------

-----------------------------------------------------------

-----------------------------------------------------------

৭। (ক) আবেদনকারীর নাম : -----------------------------------

জাতীয়তা : -----------------------------------

ফার্মের নাম : -----------------------------------

ঠিকানা : -----------------------------------

ফোন নং ----------------- মোবাইল নং ----------------- ই-মেইল-----------------

(খ) আবেদনকারী কোন আইনগত প্রতিষ্ঠান হইলে—

প্রতিষ্ঠানের নাম : -----------------------------------

ঠিকানা : -----------------------------------

ফোন নম্বর : -----------------------------------

ই-মেইল : -----------------------------------

প্রতিষ্ঠানের ধরন এবং ইহা যে আইনের অধীন প্রতিষ্ঠিত উহার বিবরণ -----------------

-----------------------------------------------------------

(গ) আমি/আমরা পূর্বোক্ত পণ্য/সেবার (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন) [প্রস্তুতকারক] [আমদানীকারক] [সেবাদানকারী]

(ঘ) আমদানীকারকের ক্ষেত্রে : মার্কটির মালিকানা বিদেশী উৎপাদনকারী/ রপ্তানীকারক এর কি না? [হ্যাঁ] / [না]

উত্তর হ্যাঁ হইলে—

(অ) আপনি প্রস্তুতকারীর সমুদয় উৎপাদন ক্রয় করেন কি না? [হ্যাঁ] / [না]

(আ) প্রস্তুতকারীর মার্ক ব্যবহারের জন্য আপনার নিকট অনুমতি পত্র আছে কি না? [হ্যাঁ] / [না]

(ই) পণ্য/সেবার শ্রেণি -----------------------------------

(ঙ) পূর্ববর্তী আবেদনের সকল পণ্য/সেবা বর্তমান আবেদনে অন্তর্ভুক্ত আছে কি না? [হ্যাঁ] / [না]

(উত্তর হ্যাঁ হইলে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করুন)

৮। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে :

-----------------------------------------------------------

-----------------------------------------------------------

-----------------------------------------------------------

৯। ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নম্বর : ------------------------------------------------------------

১০। বাংলাদেশে মার্কটি ব্যবহারের প্রস্তাব করা হইয়াছে কিনা ? উত্তর না হইলে যে তারিখ হইতে মার্কটি ব্যবহৃত হইতেছে সেই তারিখ উল্লেখ করুন ------------------------------------------------

১১। অগ্রাধিকার তারিখ দাবির ক্ষেত্রে —

(ক) পূর্ববর্তী আবেদনের তারিখ : ----------------------------------------

(খ) যে দেশে আবেদন করা হইয়াছে : ---------------------------------

(গ) পূর্বের আবেদনের সকল পণ্য/সেবা এই আবেদনে অন্তর্ভুক্ত হয়েছে কি না?

(ঘ) অগ্রাধিকার দাবির সপক্ষে প্রয়োজনীয় দলিল দাখিল করিতে হইবে।

১২। আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, নিবন্ধনের জন্য আবেদনকৃত মার্কটির প্রকৃত স্বত্বাধিকারী এবং মার্কটি বাংলাদেশে ব্যবহার হয় নাই। আবেদনটি সরল বিশ্বাসে করা হইয়াছে এবং আমি /আমরা স্বত্বাধিকারী হিসাবে নিবন্ধিত হইবার ক্ষেত্রে কোন বাঁধা নাই।

আমার জ্ঞান ও বিশ্বাসমতে উপর্যুক্ত তথ্য সত্য ও সঠিক।

---------------------------

স্বাক্ষর ও তারিখ

নাম :

পদবী :

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন

ঢাকা।

## টিএম-২ ফরম

### ট্রেডমার্ক প্রতিনিধি হিসাবে নিবন্ধনভুক্ত হইবার আবেদন

[ বিধি ৫৯ (১) দ্রষ্টব্য ]

**অফিস কর্তৃক ব্যবহারের জন্য**

আবেদন প্রাপ্তির তারিখ : ---------------------------------------

ফির পরিমাণ : ---------------------------------------

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চেক নম্বর ------------------------------------ তারিখ ----------------

ব্যাংকের নাম ------------------------------------- শাখা ---------------------------------

১। আবেদনকারীর নাম : ---------------------------------------------------------

জাতীয়তা : ---------------------------------------------------------------

স্থায়ী ঠিকানা অথবা প্রধান কর্মস্থলের ঠিকানা : -----------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

ফোন নম্বর : --------------------- ফ্যাক্স নম্বর ------------------- ই-মেইল : ---------

২। শিক্ষাগত যোগ্যতা (শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত অনুলিপি এতদসঙ্গে দাখিল করিতে হইবে) :

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

৩। ট্রেডমার্ক বা মেধাসম্পদ বিষয়ে প্রশিক্ষণ/অভিজ্ঞতা, যদি থাকে, উহার বিবরণ : (হলফনামা আকারে দাখিল করিতে হইবে)

--------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------

৪। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি—

(ক) বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশে আমার প্রধান ব্যবসা কেন্দ্র রহিয়াছে;

(খ) কোন ফৌজদারী অপরাধে দণ্ডিত হই নাই;

(গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হই নাই;

(ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হই নাই;

(ঙ) বাংলাদেশ ট্রেডমার্ক রেজিস্ট্রি কর্তৃক ট্রেডমার্ক প্রতিনিধি হিসাবে নিবন্ধন বা নবায়ন প্রত্যাখাত হয় নাই।

আমি আরও ঘোষণা করিতেছি যে, উপরে উল্লিখিত সকল তথ্য সত্য এবং সঠিক।

-----------------------

স্বাক্ষর ও তারিখ

নাম :

পদবী :

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, ঢাকা।

## টিএম-৩ ফরম

### ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন/নবায়ন/জরিমানাসহ নবায়ন/নিবন্ধন পুনর্বহালের জন্য আবেদন

[ বিধি ৫৯ (৫) এবং ৬০ দ্রষ্টব্য ]

**অফিস কর্তৃক ব্যবহারের জন্য**

আবেদন প্রাপ্তির তারিখ : ---------------------------------------

ফি প্রাপ্তির তারিখ : ---------------------------------------

ফির পরিমাণ : ---------------------------------------

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চেক নম্বর --------------------------------- তারিখ -----------------

ব্যাংকের নাম ------------------------------------ শাখা ---------------------------------

১। নিবন্ধন/নবায়ন/জরিমানাসহ নবায়ন/পুনর্বহালের আবেদন (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)

দ্রষ্টব্য : নিবন্ধন পুনর্বহালের জন্য এই আবেদনের সহিত নিবন্ধন নবায়ন না হইবার কারণ সম্বলিত একটি বিবৃতি দাখিল করিতে হইবে :

২। (ক) আবেদনকারীর নাম : ---------------------------------------

(খ) ট্রেডমার্ক প্রতিনিধি নিবন্ধন নম্বর ---------------------------------------

(গ) স্থায়ী ঠিকানা ---------------------------------------

(ঘ) পত্রাদি জারির ঠিকানা : ---------------------------------------

ফোন নম্বর :-------------------------- ফ্যাক্স নম্বর -----------------------

ই-মেইল : -----------------------

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি—

(ক) বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং বাংলাদেশে আমার প্রধান ব্যবসা কেন্দ্র রহিয়াছে;

(খ) কোন ফৌজদারী অপরাধে দণ্ডিত হই নাই;

(গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হই নাই;

(ঘ) বাংলাদেশ বার কাউন্সিল হইতে বহিস্কৃত, নাম কর্তিত অথবা সাময়িক বরখাস্ত হই নাই;

(ঙ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হই নাই;

(চ) বাংলাদেশ ট্রেডমার্ক রেজিস্ট্রি কর্তৃক ট্রেডমার্ক প্রতিনিধি হিসাবে নিবন্ধন বা নবায়ন প্রত্যাখাত হয় নাই।

(ছ) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের সহিত ব্যবসা চলাকালে এ যাবত আমার ফার্মের কোন চেক প্রত্যাখাত হয় নাই।

আমি আরও ঘোষণা করিতেছি যে, উপরে উল্লিখিত সকল তথ্য সত্য এবং সঠিক।

-----------------------

স্বাক্ষর ও তারিখ

নাম :

পদবী :

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, ঢাকা।

**টিএম-৪ ফরম**

**অনুসন্ধানের আবেদন**

**[বিধি ৬৭(১) দ্রষ্টব্য]**

১। আবেদনকারীর পূর্ণ নাম : ------------------------------------------------------------

ঠিকানা : ------------------------------------------------------------

ফোন নম্বর : ------------------------------------------------------------

ফ্যাক্স নম্বর : ------------------------------------------------------------

ই-মেইল : ------------------------------------------------------------

২। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে : ----------------------

------------------------------------------------------------

------------------------------------------------------------

৩। ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নম্বর : ------------------------------------------------------------

৪। যে পণ্য বা সেবার শ্রেণির মার্ক অনুসন্ধান করিতে হইবে উহার বিবরণ : --------------------

৫। যে মার্ক অনুসন্ধান করিতে হইবে উহার প্রতিরূপ :

[বিশেষ দ্রষ্টব্য : মার্কের প্রতিরূপের জন্য রক্ষিত স্থান পর্যাপ্ত না হইলে আলাদা কাগজে প্রতিরূপ তৈরী করিয়া এই ফরমের সহিত শক্তভাবে আঁটিয়া দিতে হইবে এবং মার্কের প্রতিরূপ সুস্পষ্ট ও টেকসই হইতে হইবে]।

৬। ক্রমিক নং ৪ এ উল্লিখিত পণ্য বা সেবার শ্রেণি অথবা ক্রমিক নং ৫ এ প্রদর্শিত মার্কের হুবহু বা সদৃশ কোন ট্রেডমার্ক নিবন্ধিত বা নিবন্ধনের জন্য অপেক্ষমান অবস্থায় রেকর্ডভুক্ত আছে কিনা তাহা অনুসন্ধান পূর্বক নিশ্চিত করিবার জন্য অনুরোধ করা হইল।

----------------------

স্বাক্ষর ও তারিখ

নাম :

পদবী :

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, ঢাকা।

# টিএম-৫ ফরম

বিরোধিতার আবেদন

[ বিধি ১৮(১), ২৫(৬), ৫৩(২) এবং ৭৩(৪) দ্রষ্টব্য]

১। আবেদন পত্র নং ............................................ শ্রেণি ............................

২। যে বিষয়ে নিবন্ধনের আবেদনের বিরোধিতা করা হইতেছে (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)ঃ

| | | | |
|---|---|---|---|
| ট্রেডমার্ক | ☐ | সার্টিফিকেশন ট্রেডমার্ক | ☐ |
| প্রতিরক্ষামূলক মার্ক | ☐ | নিবন্ধিত সার্টিফিকেশন মার্কের প্রবিধান সংশোধন | ☐ |
| সমষ্টিগত মার্ক | ☐ | নিবন্ধিত সমষ্টিগত মার্কের প্রবিধান সংশোধন | ☐ |
| অন্যান্য (বিষয় বর্ণনা করুন) | ☐ | | |

৩। বিরোধিতাকারীর পূর্ণ নাম ও ঠিকানা ঃ

..................................................................

..................................................................

..................................................................

৪। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে ঃ

..................................................................

..................................................................

..................................................................

৫। ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নম্বরঃ ..........................................................................

৬। যে জার্নালে বিরোধীয় মার্কটি বিজ্ঞাপিত হইয়াছে উহার বিবরণঃ

জার্নাল নং ঃ ............................ প্রকাশনার তারিখ ঃ ..................................................

মার্কটি যে পৃষ্ঠায় বিজ্ঞাপিত হইয়াছে ঃ ..........................................................................

অন্য কোন তথ্য, যদি থাকেঃ ..........................................................................................

৭। নিবন্ধিত মার্কের সঙ্গে সংঘাতের কারণে বিরোধিতার ক্ষেত্রে ঃ

(ক) নিবন্ধন নং.........................(খ) শ্রেণি....................(গ) মার্কের বর্ণনা.................,...

৮। বিরোধিতার যুক্তিসমূহ (প্রদত্ত স্থানে সংকুলান না হইলে আলাদা কাগজ সংযুক্ত করুন)

..........................................................................................................................

..........................................................................................................................

..........................

স্বাক্ষর ও তারিখ

নাম ঃ

পদবী ঃ

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন

ঢাকা।

*বিরোধিতার আবেদন ২ (দুই) প্রস্থ দাখিল করিতে হইবে।

## টিএম-৬ ফরম

### পাল্টা-বিবৃতি

[বিধি ১৯(১) দ্রষ্টব্য]

| |
|---|
| ১। অপোজিশন/রেকটিফিকেশন মামলা নম্বর ঃ........................................................... |
| ২। ট্রেডমার্ক আবেদন/নিবন্ধন নম্বর ঃ........................................................... |
| ৩। পণ্য/সেবার শ্রেণি ঃ........................................................................... |
| ৪। ট্রেডমার্কের আবেদনকারী/নিবন্ধিত স্বত্বাধিকারীর পূর্ণ নাম ও ঠিকানা ঃ<br>..........................................................................................<br>.......................................................................................... |
| ৫। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে ঃ...............................<br>..........................................................................................<br>.......................................................................................... |
| ৬। ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নম্বর ঃ........................................................... |
| ৭। আবেদনের পক্ষে যুক্তিসমূহ ঃ (প্রদত্ত স্থান পর্যাপ্ত না হইলে আলাদা পাতায় লিখা যাইবে, যাহা এই ফরমের সাথে ভালোভাবে সংযুক্ত করিতে হইবে।<br>..........................................................................................<br>..........................................................................................<br>..........................................................................................<br><br>.................................<br>স্বাক্ষর ও তারিখ<br><br>নাম ঃ<br><br>পদবী ঃ<br><br>বরাবর<br>রেজিস্ট্রার<br>পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর<br>শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন<br>ঢাকা।<br><br>*পাল্টা বিবৃতি ২ (দুই) কপি দাখিল করিতে হইবে। |

**টিএম-৭ ফরম**

**শুনানিতে হাজির হইবার/ইচ্ছা প্রকাশ/সার্টিফিকেশন ট্রেডমার্কের বিরোধিতার শুনানিতে হাজির হইবার আবেদন**

[বিধি ২২ (২), (৩) দ্রষ্টব্য]

১। অপোজিশন/রেকটিফিকেশন মামলা নম্বর ঃ..........................................................

২। যে ট্রেডমার্ক আবেদনের বিষয়ে শুনানি হইবে উহার নম্বর ঃ.............................

৩। পণ্য/সেবার শ্রেণি ঃ..........................................................................................................

৪। শুনানির তারিখ ঃ..................................................................

৫। শুনানিতে হাজির হইবার যুক্তিসমূহ ঃ

..........................................................................................................................

..........................................................................................................................

..........................................................................................................................

৬। আমি নিজে/আমার পক্ষে ট্রেডমার্ক প্রতিনিধি/আইনজীবী হাজির থাকিব/থাকিবেন।

.....................................

স্বাক্ষর ও তারিখ

নাম ঃ

পদবী ঃ

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন

ঢাকা।

## টিএম-৮ ফরম

### সার্টিফিকেশন ট্রেডমার্ক অথবা সমষ্টিগত মার্ক এর ব্যবহার সম্পর্কিত প্রবিধান জমাকরণের জন্য আবেদন

[বিধি ২৫(১), ২৭(১) এবং ৫৩(১) দ্রষ্টব্য]

১। যে বিষয়ে আবেদন করা হয়েছে (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)ঃ

সার্টিফিকেশন মার্ক ☐

সমষ্টিগত মার্ক ☐

২। আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা ঃ

.....................................................................

.....................................................................

.....................................................................

৩। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে ঃ

.....................................................................

.....................................................................

.....................................................................

৪। ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নম্বর ঃ.....................................................

৫। প্রবিধানের এন্ট্রি বাতিল, পরিবর্তন অথবা সংশোধনের ক্ষেত্রে ঃ

নিবন্ধন/আবেদন নং.................................শ্রেণি.................................

৬। মার্ক এর ব্যবহার সম্পর্কিত প্রবিধান এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হইল।

.............................

স্বাক্ষর ও তারিখ

নাম ঃ

পদবী ঃ

বরাবর
রেজিস্ট্রার
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন
ঢাকা।

**টিএম-৯ ফরম**

আবেদন গ্রহণের বিজ্ঞপ্তি জার্নালে প্রকাশের জন্য আবেদন

[বিধি ১৬(৩) দ্রষ্টব্য]

১। আবেদন নম্বর ঃ..............................................................................

২। পণ্য/সেবার শ্রেণি ঃ..............................................................................

৩। আমি.......................................................তারিখের টিএমআর-৫ এ প্রদত্ত নোটিশের তথ্যাদির সঠিকতা সম্পর্কে একমত পোষণ করিতেছি। অনুগ্রহপূর্বক প্রস্তাবিত বিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত সংশোধন আনয়নের জন্য অনুরোধ করিতেছি।

.................................................................................................................................

.................................................................................................................................

৪। এতদ্‌সঙ্গে....................................টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে সংযুক্ত করা হইল এবং জার্নালে ইহা বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধ করিতেছি।

....................................

স্বাক্ষর ও তারিখ

নাম ঃ

পদবী ঃ

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন

ঢাকা।

## টিএম-১০ ফরম

বাংলাদেশে পত্র জারির ঠিকানা অন্তর্ভুক্তকরণ, পরিবর্তন অথবা ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী নিয়োগ বা ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী পরিবর্তনের আবেদন

[বিধি ৬(৪), ৮(২), (৪) এবং ১৩(৩) দ্রষ্টব্য]

১। ট্রেডমার্ক নিবন্ধন নম্বর, যদি থাকে ঃ

২। পণ্য বা সেবার শ্রেণি (কেবল একটি শ্রেণি উল্লেখ করিতে হইবে) ঃ

৩। বাংলাদেশে পত্র জারির ঠিকানা অন্তর্ভুক্তকরণ বা পরিবর্তনের ক্ষেত্রে ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনকারী, নিবন্ধিত স্বত্বাধিকারী, নিবন্ধিত ব্যবহারকারী, বিরোধিতাকারীর–

পূর্ণ নাম ঃ...........................................................................................................

ঠিকানা ঃ...........................................................................................................

জাতীয়তা ঃ...........................................................................(আইনগত সত্তার ক্ষেত্রে কোন দেশের কোন আইন দ্বারা প্রতিষ্ঠিত লিখতে হবে)।

ফোন নম্বর ঃ.....................................................................

ই-মেইল ঃ.....................................................................

৪। ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনকারী, নিবন্ধিত স্বত্বাধিকারী, নিবন্ধিত ব্যবহারকারী, বিরোধিতাকারী কর্তৃক ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী নিয়োগের ক্ষেত্রে ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর নাম ও ঠিকানা

...........................................................................................................

...........................................................................................................

৫। (ক) ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী নিয়োগঃ আমি/আমরা ক্রমিক নং ৪ এ উল্লিখিত ব্যক্তিকে আমার/আমাদের পক্ষে রেজিস্ট্রিতে ট্রেডমার্কের নিবন্ধনের আবেদন বা এতদ্সংশ্লিষ্ট সকল কার্যধারায় কাজ করিবার জন্য ক্ষমতা অর্পণ করিলাম।

(খ) ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী নিয়োগ বাতিলঃ আমি/আমরা আমার/আমাদের পক্ষে রেজিস্ট্রিতে ট্রেডমার্কের নিবন্ধনের আবেদন বা এতদ্সংশ্লিষ্ট সকল কার্যধারায় কাজ করিবার জন্য ইতোপূর্বে নিয়োগকৃত ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর নিয়োগ এতদ্বারা বাতিল করিলাম।

৬। পত্র জারির ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে-

বিদ্যমান ঠিকানা ঃ...........................................................................................................

...........................................................................................................

পরিবর্তিত ঠিকানা ঃ...........................................................................................................

...........................................................................................................

.......................................................

ট্রেডমার্ক নিবন্ধনের আবেদনকরী/নিবন্ধিত স্বত্বাধিকারী/ নিবন্ধিত ব্যবহারকারী/বিরোধিতাকারীর স্বাক্ষর ও তারিখঃ

.......................................................

ট্রেডমার্ক প্রতিনিধি/আইনজীবীর স্বাক্ষর ও তারিখ ঃ

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন

ঢাকা।

**টিএম-১১ ফরম**

**নিবন্ধন বহিভূক্ত করিবার এবং নিবন্ধন সনদ জারি করিবার জন্য আবেদন**

[বিধি ৩৩(২)]

১। আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা ঃ

..................................................................................................

..................................................................................................

২। আবেদন নম্বর ঃ..................................................................................

৩। পণ্য/সেবার শ্রেণি ঃ...........................................................................

৪। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে ঃ

......................................................................

......................................................................

৫। ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নম্বর ঃ...................................................

৬। জার্নালে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ ও বিবরণ ঃ.............................

৭। উপর্যুক্ত পণ্য বা সেবার ট্রেডমার্ক এর নিবন্ধন সনদ ইস্যু করিবার জন্য অনুরোধ করা হইল এবং এতদ্‌সংগে নিম্নোক্ত ফি ও কাগজাদি সংযুক্ত করা হইল।

(ক) নিবন্ধন ফি বাবদ..................টাকা ও সহযোগী প্রতীক নিবন্ধন বাবদ..........টাকা/পরম্পরাক্রমে বিন্যস্ত (সিরিজ) মার্ক নিবন্ধন বাবদ..........................................টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং.................................................................তারিখ ঃ..............................

ব্যাংকের নাম ঃ.............................................................শাখা ঃ...............................

(খ) জার্নালে প্রকাশিত সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি

(গ) মার্কটির চার কপি

৮। জার্নাল প্রকাশনার নিম্নবর্ণিত ত্রুটিসমূহ সংশোধনের জন্য অনুরোধ করা হইল (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

..........................................

স্বাক্ষর ও তারিখ

নাম ঃ

পদবী ঃ

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন

ঢাকা।

## টিএম-১২ ফরম

### ট্রেডমার্ক নিবন্ধন নবায়নের আবেদন

[বিধি ৩৬(১) দ্রষ্টব্য]

১। ট্রেডমার্ক নিবন্ধন নম্বর ঃ.................................................................

২। পণ্য/সেবার শ্রেণি ঃ.................................................................

৩। আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা ঃ.................................................................

.................................................................

.................................................................

৪। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে ঃ

.................................................................

.................................................................

৫। ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নম্বর ঃ.................................................................

৬। ট্রেডমার্ক নিবন্ধন নবায়নের জন্য নির্ধারিত তারিখ ঃ.................................................................

৭। উপর্যুক্ত ট্রেডমার্ক নিবন্ধন নবায়নের জন্য আবেদন করা হইল এবং এতদ্‌সঙ্গে নবায়ন ফি বাবদ.................
টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং..............................তারিখ ঃ..............................
ব্যাংকের নাম ঃ..............................শাখা ঃ..............................সংযুক্ত করা হইল।

.....................................

স্বাক্ষর ও তারিখ

নাম ঃ

পদবী ঃ

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন

ঢাকা।

**টিএম-১৩ ফরম**

ট্রেডমার্ক নিবন্ধন পুনর্বহালের আবেদন

[বিধি ৩৭(১) দ্রষ্টব্য]

১। ট্রেডমার্ক নিবন্ধন নম্বর ঃ.............................................................................

২। পণ্য/সেবার শ্রেণি ঃ.............................................................................................

৩। আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা ঃ

.............................................................................................................................

.............................................................................................................................

৪। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবীর পূর্ণ নাম ও ঠিকানা, যদি থাকে ঃ

.............................................................................................................................

.............................................................................................................................

৫। ট্রেডমার্ক প্রতিনিধির নিবন্ধন নম্বর ঃ.....................................................

৬। নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ.....................................................

৭। নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধন নবায়ন করিতে ব্যর্থ হইবার কারণ ঃ (প্রয়োজনে অতিরিক্ত পৃষ্ঠা সংযুক্ত করুন)

.............................................................................................................................

.............................................................................................................................

৮। উপর্যুক্ত ট্রেডমার্ক নিবন্ধন পুনর্বহালের জন্য আবেদন করা হইল এবং এতদ্‌সঙ্গে নবায়ন ফি, বিলম্ব ফি এবং পুনর্বহাল ফি বাবদ..............................টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ঃ.................................
তারিখ ঃ.............................. ....ব্যাংকের নাম ঃ.......................................................................
শাখা ঃ..............................সংযুক্ত করা হইল।

..........................................

স্বাক্ষর ও তারিখ

নাম ঃ

পদবী ঃ

বরাবর

রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন

ঢাকা।

**টিএম-১৪ ফরম**

**সহযোগী ট্রেডমার্কের বিলুপ্তির আবেদন**

**[বিধি ৩১(২) দ্রষ্টব্য]**

১। ট্রেডমার্ক নিবন্ধন নম্বর ঃ...............................................................................

